NARSINGHA

ই-পেপার: www.ekdin-epaper.com

# একদিন

EKDIN

এগিয়ে চলার সঙ্গী



এখন বিভিন্ন মাধ্যমে উপলব্ধ
একদিন
Website : www.ekdinnews.com
http://youtube.com/@dailyekdin2165
Epaper : ekdin-epaper.com
শেয়ার এবং সাবস্ক্রাইব করুন

৮ আমেরিকায় বাজিমাত ম্যাড ম্যাক্সের! রেকর্ডে ছুঁলেন হিটম্যানকে

রামোসের দলের সঙ্গে ড্র করল ইন্টার মিলান ৮

কলকাতা ১৯ জুন ২০২৫ ৪ আষাঢ় ১৪৩২ বৃহস্পতিবার উনবিংশ বর্ষ ১০ সংখ্যা ৮ পাতা ৩.০০ টাকা ■ Kolkata 19.06.2025, Vol.19, Issue No. 10, 8 Pages, Price 3.00

## # মেলোদী



'আপনিই সেরা। আমি চেষ্টা করছি আপনার মতো হওয়ার।' জি৭ বৈঠকে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীকে বললেন ইতালির প্রধানমন্ত্রী জিওর্জিয়া মেলোনি।

### পাক সন্ত্রাসে কোনও মধ্যস্থতাই মানবে না ভারত

# গুলির জবাব গোলাতেই, স্পষ্ট মোদী-বার্তা ট্রাম্পকে

**টরেন্টো ও নয়াদিল্লি, ১৮ জুন:** সরাসরি 'না'। আমন্ত্রণ জানালেও আপাতত দেখা হচ্ছে না। মার্কিন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের সঙ্গে প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর টেলিফোনে ৩৫ মিনিটের আলাপচারিতার পর এমনই স্পষ্ট বার্তা দিল ভারত। বিদেশ সচিব বিক্রম মিশ্রি জানিয়েছেন, আলোচনায় মোদী জোর দিয়ে বলেন, 'সন্ত্রাসকে আর প্রক্সি ওয়ার হিসেবে নয়, এবার সরাসরি যুদ্ধ হিসেবেই দেখা হবে।'

তিনি আরও জানান, ট্রাম্পকে 'অপারেশন সিঁদুর' সম্পর্কে বিস্তারিত ভাবে জানিয়েছেন মোদী। শুধু তা-ই নয়, ভারত-পাকিস্তানের মধ্যে সংঘর্ষবিরতি কারও মধ্যস্থতায় হয়নি বলেই ট্রাম্পকে জানিয়েছেন মোদী। ওঠেনি বাণিজ্যের প্রসঙ্গও। ঘটনাচক্রে, বুধবার হোয়াইট হাউসে ট্রাম্পের সঙ্গে দেখা করার কথা ছিল পাকিস্তানের সেনাপ্রধান আসিম মুনিরের! তার আগেই ট্রাম্প ও মোদীর মধ্যে কথা হয়। আলোচনা হয় ভারত-পাকিস্তানের সংঘর্ষ, সংঘর্ষবিরতি এবং সন্ত্রাসবাদ নিয়ে।



এই ফোনালাপের সময় প্রধানমন্ত্রী মোদী মার্কিন প্রেসিডেন্টকে 'অপারেশন সিঁদুর' সম্পর্কে বিশদে অবহিত করেন। তিনি স্পষ্ট করে দেন, এই আলোচনায় কোনও বাণিজ্য সংক্রান্ত ইস্যু তোলা হয়নি এবং ভারত তৃতীয় পক্ষের মধ্যস্থতা বরাবরের মতোই সম্পূর্ণরূপে নাকচ করছে। ট্রাম্প নিজের মার্কিন সফরের সময় মোদীকে সাক্ষাতের আমন্ত্রণ জানালেও, প্রধানমন্ত্রী সেই প্রস্তাবে রাজি হননি। বিদেশ সচিবের ভাষায়, 'প্রধানমন্ত্রীর পূর্বনির্ধারিত কর্মসূচির জন্য তিনি আপাতত সেই আমন্ত্রণ গ্রহণ করতে পারছেন না।' যদিও দুই দেশের শীর্ষ নেতাই শীঘ্রই সাক্ষাৎ করার ব্যাপারে একমত হয়েছেন।

বিক্রম মিশ্রি জানান, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের দৃঢ় সংকল্পের কথা আমেরিকার প্রেসিডেন্টকে বলেছেন মোদী। তিনি ট্রাম্পকে এ-ও জানিয়েছেন, পাকিস্তানের 'গুলির' জবাব ভারত 'গোলার' মাধ্যমে দেবে। একই সঙ্গে গত ৯ মে মোদী এবং মার্কিন ভাইস প্রেসিডেন্ট জেডি ভান্সের ফোনে কথা হওয়ার বিষয়টিও ট্রাম্পকে জানানো হয়েছে।

মিশ্রি আরও জানান, ভারতের উপর পাকিস্তান বড় হামলা চালাতে পারে, এমন কথা ভান্স মোদীকে জানিয়েছিলেন। তাঁর উত্তরে মোদী ভান্সকে জানান, যদি এমন কোনও ঘটনা ঘটে তবে ভারত আরও বড় পাল্টা জবাব দেবে। মোদী-ট্রাম্পের ফোনালাপে সেই বিষয়টিও উঠে এসেছে। ট্রাম্পকে মোদী বলেন, 'ভারত পাকিস্তানের হামলার যথাযথ জবাব দিয়েছে। ওদের সেনাছাউনি ধ্বংস করেছে। ভারতের পাল্টা হামলার পরেই পাকিস্তানের তরফে সংঘর্ষবিরতির প্রস্তাব আসে।'

মিশ্রি জানিয়েছেন, মোদীর কথা ভাল ভাবে বুঝেছেন ট্রাম্প। একই সঙ্গে সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের লড়াইকে সমর্থন জানিয়েছেন। ট্রাম্পকে মোদী এ-ও জানিয়েছেন, ভারত সন্ত্রাসবাদকে 'যুদ্ধ' হিসাবেই বিবেচনা করে। পাশাপাশি জানান, সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের 'অপারেশন সিঁদুর' এখনও জারি রয়েছে।

এই ফোনালাপ এবং মোদীর স্পষ্ট বার্তা আন্তর্জাতিক কূটনৈতিক মহলে একরকম 'সিগন্যাল' হিসেবেই দেখা হচ্ছে; বিশেষ করে ভারত-পাক সম্পর্ক, কাশ্মীর পরিস্থিতি ও আফগানিস্তান ঘিরে আমেরিকার অবস্থানের পরিপ্রেক্ষিতে।

# 'সন্ত্রাসের মদতদাতা'কে কেন পুরস্কার, বিশ্বমঞ্চে সরব মোদী

**টরেন্টো, ১৮ জুন:** জি-৭ বৈঠকে সন্ত্রাসবাদ ইস্যুতে কড়া বার্তা প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর। পাকিস্তানকে ঋণ মঞ্জুর করায় নাম না করে আইএমএফ, এডিবি-কে কার্যত তুলোধনা করেন মোদী। স্পষ্ট ভাষায় জানান, একদিকে মুখে সন্ত্রাসবাদের বিরোধিতা ও অন্যদিকে সন্ত্রাসে মদতদাতাকে পুরস্কৃত করা, এই দু'মুখো নীতি ঠিক নয়। পাশাপাশি সন্ত্রাসবাদের বিরুদ্ধে ভারতের নীতি বিশ্বের সামনে তুলে ধরেন দেশের প্রধানমন্ত্রী।

পাশাপাশি, কানাডায় জি৭ সম্মেলনে নরেন্দ্র মোদী ১০ ঘণ্টায় ১২টি বৈঠক করেন। বিশ্বের বিভিন্ন রাষ্ট্রনেতাদের সঙ্গে একান্ত বৈঠকে উঠে এসেছে নানা দিক। একই সঙ্গে কানাডার সঙ্গে ভারতের 'বন্ধুত্বপূর্ণ' সম্পর্ক আরও কয়েক ধাপ এগিয়ে নিয়ে যাওয়ার বার্তাও দিলেন মোদী। তাঁকে সমর্থন জানান কানাডার প্রধানমন্ত্রী মার্ক কার্নে। কানাডায় জি৭ বৈঠকে অতিথি হিসাবে হাজির ছিলেন মোদী। মূলত কার্নের আমন্ত্রণেই মোদীর এই সফর। সম্মেলনের ফাঁকে দিনভর একাধিক দ্বিপাক্ষিক বৈঠক সারেন মোদী।

গত ২২ এপ্রিল পহেলগাঁওয়ে জঙ্গি হামলা চালায় পাক মদতপুষ্ট জঙ্গিরা। এর জবাবে পাকিস্তানে অপারেশন সিঁদুর শুরু করে ভারত। গুঁড়িয়ে দেওয়া হয় পাকিস্তান ও পাক অধিকৃত কাশ্মীরের জঙ্গি ঘাঁটি। এদিকে যে পাকিস্তান সন্ত্রাসে লাগাতার মদত যুগিয়ে চলেছে ভারতের আপত্তি সত্ত্বেও তাদের সহায় হয় একাধিক আন্তর্জাতিক সংগঠন। দুই দেশের সংঘাতের মাঝেই পাকিস্তানকে ৮৫০০ কোটি টাকার ঋণ মঞ্জুর করেছিল আন্তর্জাতিক আর্থিক তহবিল বা আইএমএফ। শুধু তাই নয়, ভারতের আপত্তি উড়িয়ে পাকিস্তানকে ৮০ কোটি ডলার বা ৬ হাজার কোটি টাকার ঋণ মঞ্জুর করা হয়। পাকিস্তানকে সাহায্য করতে এগিয়ে আসে আরও এক আন্তর্জাতিক সংগঠন এশিয়ান ডেভলপমেন্ট ব্যাঙ্ক। এই ঘটনায় যারপরনাই ক্ষুব্ধ হয় ভারত। মনে করা হচ্ছে, জি-৭ বৈঠকে সেই ইস্যুতেই নাম না করে আক্রমণ শানান প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

মঙ্গলবার জি-৭ বৈঠকে ভাষণ দেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী। তাঁর বক্তব্যে উঠে আসে সন্ত্রাসবাদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা, বাণিজ্য ও সার্বিক উন্নয়নের কথা। পাশাপাশি মোদী বলেন, 'আন্তর্জাতিক সংগঠনগুলির দ্বিমুখী নীতি থাকা উচিত নয়। একদিকে, আমরা আমাদের পছন্দ অনুযায়ী নিষেধাজ্ঞা আরোপ করব। অন্যদিকে যে দেশ প্রকাশ্যে সন্ত্রাসবাদকে সমর্থন করছে তাকে পুরস্কৃত করব, এটা ঠিক নয়। এই দু'মুখো নীতি বন্ধ করতে হবে।'

অন্যদিকে, কানাডা এবং ভারতের মধ্যে সম্পর্ক 'অত্যন্ত গুরুত্বপূর্ণ' বলেই ব্যাখ্যা করেছেন মোদী। তিনি বলেন, 'দুই দেশের বন্ধুত্বকে মজবুত করার জন্য নিবিড়ভাবে কাজ করতে আগ্রহী আমরা।' শুধু কার্নে নয়, অন্য রাষ্ট্রনেতাদের সঙ্গে বৈঠকও ফলপ্রসূ বলে দাবি করেছেন মোদী। মাক্রোঁর সঙ্গে বৈঠক শেষে মোদী বলেন, 'এক জন বন্ধুর সঙ্গে কথা বলতে পারা সব সময়েই আনন্দের।' একই সঙ্গে ভারত-ফ্রান্সের মধ্যে সম্পর্ককে আরও দৃঢ় করার বিষয়েও আলোচনা হয়েছে বলে জানান মোদী।

মেলোনির সঙ্গে বৈঠক সেরে মোদী জানান, ইতালি ও ভারতের বন্ধুত্ব আরও দৃঢ় হবে। এই বন্ধুত্বের ফলে উপকৃত হবে দুই দেশের মানুষই। জার্মান চ্যান্সেলর ফ্রেডরিখ মার্জের সঙ্গে এই প্রথম দ্বিপাক্ষিক বৈঠক করেন মোদী। এই বৈঠক করতে পেরে তিনি আনন্দিত বলেই জানিয়েছেন ভারতের প্রধানমন্ত্রী। সন্ত্রাস দমনের মতো গুরুত্বপূর্ণ বিষয়গুলি নিয়ে ভবিষ্যতে ভারত এবং জার্মানি একসঙ্গে কাজ করবে বলেও জানান তিনি। বুধবার ভোরেই (ভারতীয় সময়) কানাডা ছেড়ে ক্রোয়েশিয়ার উদ্দেশে রওনা দেন মোদী।

# একশো দিনের নির্দেশে সাফল্য দেখছে দু'পক্ষই



**নিজস্ব প্রতিবেদন:** ১০০ দিনের কাজ প্রকল্প পুনরায় শুরু করার বিষয়ে কলকাতা হাইকোর্ট যে নির্দেশ দিয়েছে, তাকে স্বাগত জানালেন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়। তবে একইসঙ্গে জানিয়ে দিলেন, রায়ে পুরোপুরি সন্তুষ্ট নন রাজ্য।


কলকাতা হাইকোর্ট বুধবার নির্দেশ দিয়েছে, বাংলায় ১০০ দিনের কাজ আগামী ১ অগস্ট থেকে ফের চালু করতে হবে। এই রায় জানার পরেই তৃণমূলের তরফে সমাজমাধ্যমে লেখা হয়েছিল যে, মুখ্যমন্ত্রী এবং অভিষেকের লাগাতার লড়াই মানুষের অধিকার ফিরিয়ে এনেছে।

উল্টো দিকে, বিজেপিও কলকাতা হাইকোর্টের এই রায়ে সন্তোষ প্রকাশ করেছে। এই রায়কে 'রাজ্য সরকারের গালে বড় চড়' বলে বর্ণনা করে বিজেপির তরফে দাবি করা হয়েছে যে, এখন থেকে এই প্রকল্পের নিয়ন্ত্রণ থাকবে কেন্দ্রীয় সরকারের হাতে।

নবান্নে সাংবাদিকদের প্রশ্নের উত্তরে মুখ্যমন্ত্রী বলেন, 'শুধু কাজ শুরু করলেই চলবে না। এতদিন ধরে যে বকেয়া টাকা কেন্দ্র আটকে রেখেছে, সেই প্রাপ্যও ফেরত দিতে হবে।' তাঁর বক্তব্য, 'গরিব মানুষ কাজ পাননি। অথচ সমস্ত কাগজপত্র, রিপোর্ট, এমনকি কেন্দ্রের প্রশ্নেরও উত্তর দেওয়া সত্ত্বেও গত চার বছর ধরে টাকা আটকে রেখেছে দিল্লি। এটা কি ন্যায়সঙ্গত?' মমতা বলেন, 'আমরা এই পিটিশন রিভিউ করব। আপনারা বাংলায় দল পাঠাচ্ছেন। আগে তো টাকা দিন। চার বছর হয়ে গেল। একটা পয়সাও দিচ্ছেন না। এটা জনগণের টাকা।' তিনি জানান, শ্রমিকদের বকেয়া টাকা রাজ্য সরকার নিজে থেকে দিয়েছে। সেই টাকা তিনি ফেরত চান।

■ এরপর ২-এর পাতায়

# ভাইপোকে জেলে ঢোকাবই, শুভেন্দুর নিশানায় পুলিশও



**নিজস্ব প্রতিবেদন:** কলকাতা হাইকোর্টের অনুমতি নিয়ে বুধবার মহেশতলার অশান্তি-বিধ্বস্ত এলাকা পরিদর্শন করেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী। পরিদর্শনের শেষে, ওই এলাকা থেকে বেরিয়েই একের পর এক বিস্ফোরক মন্তব্য করেন তিনি। সরাসরি তোপ দাগেন পুলিশ প্রশাসন ও স্থানীয় সাংসদ তথা তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়ের বিরুদ্ধে।

শুভেন্দু বলেন, 'মমতা পুলিশের সঙ্গে দুর্বৃত্তরা মিলে কাজ করছে। পুলিশ আর ওদের মধ্যে কোনও ফারাক নেই, একসঙ্গে চলছে। এটাই মমতা পুলিশ!' পরিস্থিতির ভয়াবহতা তুলে ধরে তিনি জানান, 'আমি পুরো ঘটনার ভিডিওগ্রাফি করিয়েছি। সেই রেকর্ড আমি নিয়ে যাচ্ছি। মাননীয় বিচারপতি সুগত ভট্টাচার্যর কাছে যাব। যিনি এই এলাকায় প্রবেশে অনুমতি দিয়েছেন, তিনি যেন প্রকৃত সত্য নিজে দেখেন।' তিনি আরও বলেন, 'আমি আহত পরিবারগুলোর বাড়িতে গিয়েছি। প্রত্যেকটা বাড়ি কী ভাবে ভাঙচুর করা হয়েছে, সেটা না দেখলে বোঝা যাবে না।'

এর পর পুলিশের নিষ্ক্রিয়তা নিয়ে ক্ষোভপ্রকাশ করে তিনি বলেন, 'আপনারা সাইটগুলো একবার দেখে নিন। কী ধরনের নিয়মভঙ্গ হয়েছে, সেটা আপনাদের দেখা উচিত। আর এবার জেলে যাওয়ার সময় এসে গিয়েছে। আমাকে কেউ আটকাতে পারবে না। আমি বলছি, ভাইপোকে এখান থেকে উৎখাত করবই। ওকে জেলে ঢোকাব। সেই দিন গোনা শুরু হয়ে গিয়েছে।' শেষে শুভেন্দু অধিকারী হুঁশিয়ারি দিয়ে বলেন, 'আইনি পদ্ধতিতে যা যা করার, বিজেপির পক্ষ থেকে আমরা করবই। কেউ ছাড় পাবে না।'

# আত্মসমর্পণ করবে না ইরান, পালটা রক্তচক্ষু খামেনেইয়ের

**তেহরান, ১৮ জুন:** কোনও 'চাপিয়ে দেওয়া শান্তি'র কাছেও মাথা নত করবে না ইরান। ইরানকে যারা চেনে, তারা এই ভাষায় কথা বলে না। বুধবার টেলিভিশন বার্তায় ট্রাম্পকে হুঁশিয়ারি দিয়েছেন ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতা আয়াতোল্লা খামেনেই। আমেরিকার প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পকে উদ্দেশ্য করে এই বার্তা দিয়েছেন তিনি। জানিয়েছেন, ইরানের উপর 'যুদ্ধ' চাপিয়ে দেওয়া হচ্ছে। এর কাছে তাঁরা মাথা নত করবেন না।

টেলিভিশন বার্তায় খামেনেই বলেন, 'আরোপিত যুদ্ধের মুখে ইরান কঠোর অবস্থান নেবে। আরোপিত শান্তির বিরুদ্ধেও ইরানের অবস্থান হবে সমান। আরোপের মুখে এই দেশ কারও সামনে আত্মসমর্পণ করবে না।' সব শেষে খামেনেই স্পষ্ট জানিয়েছেন, আমেরিকার মধ্যস্থতা মানবে না ইরান। খামেনেই বলেন, 'ইরান চাপিয়ে দেওয়া যুদ্ধ কিংবা শান্তি, কোনওটাই মেনে নেবে না।'



এদিকে, ইজরায়েলের তরফে আইডিএফ বিবৃতি দিয়ে দাবি করেছে, বুধবার ইরানের অন্তত ৪০টি ক্ষেপণাস্ত্র ব্যবস্থা, গুদাম এবং সামরিক স্থাপনায় হামলা চালিয়েছে ইজরায়েল। তবে ক্ষয়ক্ষতির হিসাব এখনও স্পষ্ট নয়।

উল্লেখ্য, মঙ্গলবারই ইরানের সর্বোচ্চ ধর্মীয় নেতাকে 'নিঃশর্ত আত্মসমর্পণ' করতে বলেছিলেন ট্রাম্প। হুঁশিয়ারি দিয়েছিলেন, খামেনেই কোথায় লুকিয়ে আছেন তা জানেন তিনি। ট্রাম্পের কথায়, 'আমরা জানি যে তথাকথিত সর্বোচ্চ নেতা কোথায় লুকিয়ে রয়েছেন। তিনি একটি সহজ লক্ষ্য, কিন্তু সেখানে নিরাপদ। আমরা তাঁকে বার করে (হত্যা!) করব না, আপাতত নয়।' ট্রাম্প 'আমরা' শধটিতে জোর দেওয়ার পরেই সেই জল্পনা আরও কয়েক গুণ বেড়ে যায়। অনেকের মতে, ট্রাম্প ইজরায়েলের সঙ্গে আমেরিকাকে জুড়েই ওই মন্তব্য করেছিলেন।

ইরানের উদ্দেশে ট্রাম্পের হুঁশিয়ারি প্রসঙ্গে খামেনেই বলেন, 'বুদ্ধিমান লোকজন, যাঁরা ইরানকে চেনেন, ইরানিদের চেনেন, ইরানের ইতিহাস জানেন, তাঁরা কখনও এই ধরনের হুমকির ভাষায় কথা বলেন না। আমেরিকানদের জানা উচিত, আমেরিকার সেনাবাহিনীর যে কোনও রকমের হস্তক্ষেপ অপূরণীয় ক্ষতি ডেকে আনবে।'

ইরান-ইজরায়েল সংঘাতে আমেরিকার হস্তক্ষেপের দাবি জানিয়েছে বেঞ্জামিন নেতানিয়াহুর প্রশাসন। ইজরায়েলের প্রধানমন্ত্রী চান, আমেরিকা এই যুদ্ধে সামরিক হস্তক্ষেপ করুক, যাতে ইরান তাদের পরমাণু কর্মসূচি বন্ধ করে দেয়। এই আবহেই ট্রাম্পের সাম্প্রতিক কিছু মন্তব্যে জল্পনা তৈরি হয়েছে।

গত শুক্রবার ইরানের পরমাণুকেন্দ্রগুলিকে লক্ষ্য করে হামলা চালায় ইজরায়েলি সেনা। প্রত্যাঘাত করে ইরানও। তার পর থেকে দু'দেশের মধ্যে সংঘর্ষ চলছে। সংঘর্ষের আবহে পশ্চিম এশিয়ায় টানটান উত্তেজনার পরিস্থিতি। ইজরায়েলের দাবি, তাদের সাধারণ নাগরিকদের উপর হামলা চালাচ্ছে ইরান। উল্টো দিকে, মঙ্গলবার রাতে ইরানের একাধিক তৈলভান্ডারে হামলা হয়েছে বলে অভিযোগ।

এই পরিস্থিতিতে সংঘর্ষ থামাতে মধ্যস্থতা করতে চায় রাশিয়া। সৌদি আরবের প্রেসিডেন্ট শেখ মহম্মদ বিন জায়েদ আল নায়হানের সঙ্গে ফোনে কথা বললেন রুশ প্রেসিডেন্ট ভ্লাদিমির পুতিন। ক্রেমলিনের দাবি, ইরান এবং ইজরায়েলের পরিস্থিতি নিয়ে আলোচনা হয়েছে তাঁদের। পশ্চিম এশিয়ার সংঘর্ষ থামাতে রাশিয়া যে মধ্যস্থতা করতে তৈরি, তা সৌদির প্রেসিডেন্টকে জানিয়েছেন পুতিন।



দক্ষিণবঙ্গে পুরোপুরিভাবে বর্ষার প্রবেশ। যার জেরে বুধবারও কলকাতায় দিনভর বৃষ্টি হয়। উপকূলবর্তী জেলাগুলিতেও টানা বর্ষণ চলছে। উত্তাল বঙ্গোপসাগর। অতি ভারী ও প্রবল বৃষ্টির সতর্কতা বেশ কয়েকটি জেলায়। ছবি: অদিতি সাহা

## আজ কালীগঞ্জ উপনির্বাচন

■ নদিয়ার কালীগঞ্জ বিধানসভার উপনির্বাচন আজ অনুষ্ঠিত হবে। সকাল ৭টা থেকে বিকেল ৫টা পর্যন্ত চলবে ভোটগ্রহণ। ফলাফল ঘোষণা হবে ২৩ জুন। তৃণমূল কংগ্রেসের তরফে প্রার্থী হয়েছেন প্রয়াত বিধায়ক নাসিরউদ্দিন আহমেদের কন্যা আলিফা আহমেদ। বিজেপির প্রার্থী আশিস ঘোষ, যাকে সামনে রেখে প্রচারে ঝাঁপিয়েছেন রাজ্য নেতৃত্ব। বাম ও কংগ্রেস সমর্থিত প্রার্থী কাবিলউদ্দিন শেখ। মূল লড়াই এই তিন প্রার্থীর মধ্যে হলেও, ২০২৬ সালের বিধানসভা নির্বাচনের পূর্বাভাস হিসেবেও এই উপনির্বাচনকে গুরুত্ব দিচ্ছে সব পক্ষই। নির্বাচন নির্বিঘ্ন করতে মোট ১৪ কোম্পানি কেন্দ্রীয় বাহিনী মোতায়েন করা হয়েছে। বুথগুলিতে ওয়েবকাস্টিং, লাইভ মনিটরিং ও ই-ভিজিলের মতো একাধিক আধুনিক প্রযুক্তি ব্যবহার করা হচ্ছে।

একদিন
# আমার শহর
কলকাতা ১৯ জুন ২০২৫, ৪ আষাঢ় ১৪৩২ বৃহস্পতিবার

## বজবজের ঘটনা নিয়ে মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি সুকান্ত

**নিজস্ব প্রতিবেদন:** ডায়মন্ড হারবারে বিজেপি কর্মীদের উপর হামলার অভিযোগ তুলে রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিলেন রাজ্য বিজেপি সভাপতি ও কেন্দ্রীয় মন্ত্রী ডঃ সুকান্ত মজুমদার। চিঠিতে সুকান্ত মজুমদার লিখেছেন, ‘আমি বাধ্য হচ্ছি আপনার দৃষ্টি আকর্ষণ করতে একটি গভীরভাবে উদ্বেগজনক ঘটনার দিকে, যা ১৮ জুন বজবজ ব্লক নম্বর ১-এর বিডিও অফিসে আয়োজিত আমাদের দলের বৈঠকের সময় ঘটেছে।’ তিনি উল্লেখ করেন, বিজেপির ডায়মন্ড হারবার সাংগঠনিক জেলার সভানেত্রী সোমা ঘোষের রিপোর্ট অনুযায়ী, ‘দলের প্রতিনিধি জয়দেব দত্ত, সদানন্দ কুণ্ডু (প্রবীণ নাগরিক), প্রণব নস্কর এবং সমীর মণ্ডল দুপুর ১২টা ২৫ মিনিট নাগাদ বিডিও অফিসের বাইরে প্রায় ১০০ থেকে ১৫০ জন তৃণমূল কর্মী পরিচয়ধারী দুষ্কৃতীর দ্বারা আক্রান্ত হন। তাঁদের ইঁট, বাঁশ এবং লাঠি দিয়ে মারধর করা হয়। তারপর তাঁদের অপহরণ করে একটি অটোয় তুলে জঙ্গলে নিয়ে গিয়ে আটক করে রাখা হয় বৈঠক শেষ হওয়া পর্যন্ত অর্থাৎ বিকেল ২টা ৩০ মিনিট পর্যন্ত। তাঁদের মোটরসাইকেল ও সাইকেলও ছিনতাই করা হয়েছে। বর্তমানে আক্রান্তরা হাসপাতালে চিকিৎসাধীন।’ ঘটনাটিকে ‘গণতন্ত্রের উপর সরাসরি আঘাত’ বলে আখ্যা দিয়ে সুকান্ত মজুমদার মুখ্য নির্বাচনী আধিকারিককে অনুরোধ করেছেন, ‘এই ঘটনাটির গুরুত্ব বিবেচনায় অনুরোধ করছি, আপনি অবিলম্বে নিরপেক্ষ তদন্তের নির্দেশ দিন এবং দোষীদের বিরুদ্ধে কড়া আইনি ব্যবস্থা নিন, যাতে চলতি নির্বাচনী প্রস্তুতির সময় আর কোনও রাজনৈতিক হিংসার ঘটনা না ঘটে।’ তবে এই বিষয়ে এখনও পর্যন্ত নির্বাচন কমিশনের পক্ষ থেকে কোনও প্রতিক্রিয়া জানানো হয়নি।

## অধ্যক্ষের সঙ্গে সাক্ষাৎ চাকরিহারাদের

**নিজস্ব প্রতিবেদন:** ২২ লক্ষ ওএমআর মিরর ইমেজ কপি প্রকাশের দাবি তুলে বিধানসভার জরুরি অধিবেশন আহ্বানের জন্য রাজ্য বিধানসভার অধ্যক্ষের কাছে দরবার করলেন এসএসসি’র চাকরিহারা শিক্ষকদের একাংশ। অধ্যক্ষের সঙ্গে দীর্ঘ আলোচনার পর প্রতিনিধি দলের নেতা সুমন বিশ্বাস বলেন, ‘আমরা অত্যন্ত খুশি। আমাদের বক্তব্য মন দিয়ে শুনেছেন স্পিকার মহাশয়।’ সুমনের দাবি, ‘সুপ্রিম কোর্টের রায়কে অমান্য করে যদি কোনও বেআইনি নোটিশ জারি হয়ে থাকে, তা অবিলম্বে বাতিল করতে হবে।’ তিনি আরও জানান, তাঁদের তরফে অধ্যক্ষের কাছে অনুরোধ জানানো হয়েছে, আগামী সোমবার বিধানসভায় এই বিষয়গুলি নিয়ে আলোচনা হোক। সেই আলোচনায় তাঁরা উপস্থিত থাকবেন।

## স্থিতিশীল অভিজিৎ

**নিজস্ব প্রতিবেদন:** অ্যাকিউট প্যাঙ্ক্রিয়াটাইটিসে আক্রান্ত অভিজিৎ গঙ্গোপাধ্যায়, উডল্যান্ডসের আইসিইউ-তে সঙ্কটজনক অবস্থায় ভর্তি থাকলেও ১৪ জুনের থেকে অনেকটাই সুস্থ হয়ে উঠেছেন তিনি। বুধবার হাসপাতালের ম্যানেজিং ডিরেক্টর ও সিইও জানান, ‘অভিজিৎ গঙ্গোপাধ্যায়ের চিকিৎসা চলছে একটি বহুবিধ চিকিৎসক বিশেষজ্ঞ দলের তত্ত্বাবধানে।’ তাঁর প্রতিটি শারীরিক সূচক নিবিড়ভাবে পর্যবেক্ষণ করা হচ্ছে।’ গত শনিবার, ১৪ জুন কলকাতা হাই কোর্টের বিচারপতি এবং বর্তমান লোকসভার বিজেপি সাংসদ অভিজিৎ গঙ্গোপাধ্যায় অ্যাকিউট প্যাঙ্ক্রিয়াটাইটিস- এর উপসর্গ নিয়ে কলকাতার উডল্যান্ডস মাল্টিস্পেশ্যালিটি হাসপাতালে ভর্তি হন।

## ইজরায়েলে আটকে খড়দার বিজ্ঞানী দিব্য

**নিজস্ব প্রতিবেদন:** সেন্ট্রাল ইজরায়েলের রেহবতে রিসার্চের জন্য রয়েছেন খড়দার রহড়ার বাসিন্দা দিব্য মুখোপাধ্যায়। যুদ্ধের আবহে আতঙ্কে দিন কাটাচ্ছেন দিব্যর পরিবার। যদিও দিব্য দু’বেলা ফোন করায় কিছুটা স্বস্তিতে তাঁর পরিবারের সদস্যরা।

# মাধ্যমিক রিভিউয়ের ফলপ্রকাশে পরিবর্তন এল মেধাতালিকাতেও



**নিজস্ব প্রতিবেদন:** প্রকাশিত হল মাধ্যমিকের রিভিউ ও স্ক্রুটিনির ফল। চলতি বছর মাধ্যমিকের ফল প্রকাশিত হয়েছিল ২ মে। ফলপ্রকাশের প্রায় ৪৬ দিন পরে প্রকাশিত হল মাধ্যমিকের নম্বর যাচাই এবং রিভিউ-এর ফল। মাধ্যমিক পরীক্ষার এই মূল্যায়নের জেরে বদল এল মাধ্যমিকের মেধা তালিকাতেও। ২০২৫-এর মাধ্যমিকের ফলপ্রকাশের পর দেখা গিয়েছিল প্রথম দশে রয়েছেন ৬৬ জন। এরপর এই রিভিউ এবং স্ক্রুটিনির পর রেজাল্ট বের হতে এই তালিকায় যোগ হল আরও ৯ জন। অর্থাৎ প্রথম দশের তালিকায় চলে এল ৭৯জন পরীক্ষার্থী। মাধ্যমিকের পুনর্মূল্যায়নের ফলাফলে র‌্যাঙ্ক বদল হল কৃতীদের। যেমন, মেধাতালিকার চতুর্থ স্থানে থাকা পূর্ব মেদিনীপুরের সুপ্রতীক মান্নার নম্বর বৃদ্ধি পাওয়ায়, সে দ্বিতীয় স্থানে জায়গা করে নিয়েছে। তাঁর আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৯২। এখন বেড়ে হয়েছে ৬৯৪। এই প্রসঙ্গে শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু জানিয়েছেন, মোট ১২, ৪৬৮ জন পরীক্ষার্থীর প্রাপ্ত নম্বর বদলেছে। ২ মে ফল প্রকাশের ৪৮ দিনের মাথায় মাধ্যমিকের নম্বর যাচাই (স্ক্রুটিনি) এবং খাতা পুনর্মূল্যায়ন (রিভিউ)-এর ফল প্রকাশিত হল। মাধ্যমিক শিক্ষা পর্ষদের তরফ থেকে জানা গিয়েছে, রিভিউয়ের পর নম্বর বদল হয়েছে ১ হাজার ১৮২টি উত্তরপত্রে। এই ভাবে নম্বর বদল হওয়ায় মেধা তালিকায় চতুর্থ স্থান থেকে একজন উঠে এসেছে দ্বিতীয় স্থানে। এর পাশাপাশি মেধা তালিকায় মোট চারজনের অবস্থান বদল হয়েছে। অষ্টম স্থানে থাকা দু’জনের নম্বর বেড়ে তাঁরা উঠে এসেছে সপ্তম স্থানে। মালদা রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিদ্যামন্দিরের ছাত্র সৃজন প্রামাণিকের প্রাপ্ত নম্বর ৬৮৮। এখন বেড়ে হয়েছে ৬৮৯। একইসঙ্গে কংসাবতী শিশু বিদ্যালয়ের পড়ুয়া সৌপ্তিক মুখোপাধ্যায়েরও প্রাপ্ত নম্বর ছিল ৬৮৮। বেড়ে হয়েছে ৬৮৯। দশম স্থানে একজন এসেছে নবম স্থানে। নব নালন্দা শান্তিনিকেতনের ছাত্র সাম্যক দাস। আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৬। এখন বেড়ে হয়েছে ৬৮৭। বালুরঘাট হাইস্কুলের ছাত্র চয়ন রায় মেধাতালিকায় একাদশ থেকে এসেছে নবম স্থানে। আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৫। এখন বেড়ে হয়েছে ৬৮৭। পূর্ব মেদিনীপুরের রামকৃষ্ণ মিশন শিক্ষা মন্দিরের ছাত্র রূপম দীক্ষিতের আগের মেধাতালিকায় স্থান ছিল দ্বাদশে। প্রাপ্ত নম্বর ছিল ৬৮৪। এখন বেড়ে হয়েছে ৬৮৭। অর্থাৎ, সে চলে এসেছে নবম স্থানে। কোচবিহারের মাথাভাঙা গার্লস হাইস্কুলের পড়ুয়া অনন্যা মজুমদার মেধা তালিকায় একাদশে থাকলেও এখন তাঁর স্থান দশম। আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৫। এখন বেড়ে হয়েছে ৬৮৬। এর পাশাপাশি দক্ষিণ ২৪ পরগনার সারদা বিদ্যাপীঠ হাইস্কুলের পড়ুয়া প্রেরণা বৈদ্যেরও আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৫। এখন বেড়ে হল ৬৮৬। অর্থাৎ সেও চলে এল প্রথম দশে। এদিকে মালদার রামকৃষ্ণ মিশন বিবেকানন্দ বিদ্যামন্দিরের পড়ুয়া প্রজ্ঞান দেবনাথের আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৪। এখন বেড়ে হল ৬৮৬। অর্থাৎ, মেধাতালিকতায় তাঁর স্থান দাঁড়াল দ্বাদশ থেকে দশমে। বাঁকুড়ার বিষ্ণুপুর হাইস্কুলের পড়ুয়া সায়নদীপ ঘোষ। আগের প্রাপ্ত নম্বর ছিল ৬৮৪। এখন বেড়ে হয়েছে ৬৮৬ হওয়ায় সেও প্রথম দশের মেধা তালিকার অন্তর্ভুক্ত হল। এছাড়াও ত্রয়োদশ থেকে দশমে এসেছেন কন্টাই মডেল ইন্সস্টিটিউশনের পড়ুয়া সোহম করণ। আগে প্রাপ্ত নম্বর ছিল ৬৮৩। এখন বেড়ে হয়েছে ৬৮৬।

মাধ্যমিক পর্ষদ সূত্রে খবর, রেজাল্ট বের হওয়ার পরে ৫৬ হাজার পড়ুয়া স্ত্রুটিনির জন্য আবেদন করেছিল।

৩৯০০ জন পড়ুয়া পিপিএস এর জন্য আবেদন করেছিল। ১৯১ জন পিপিআর করেছিল। পিপিএস করার ফলে নম্বর বদল হয়েছে ২৪০০ জনের। পিপিআরে ক্ষেত্রে নম্বর বদল হয়েছে ৫৬ জনের। এই প্রসঙ্গে আগেই মাধ্যমিক শিক্ষা পর্ষদের তরফ থেকে বিজ্ঞপ্তি প্রকাশ করে জানানো হয়েছিল, যে সমস্ত পড়ুয়ার নম্বর পরিবর্তন হচ্ছে তাঁদের পুরনো মার্কশিট ও সার্টিফিকেট জমা দিতে হবে। তারপরে নতুন সংশোধিত মার্কশিট ও সার্টিফিকেট সংগ্রহ করতে হবে। পিপিএস, পিপিআর-এর ফল প্রকাশের ৭ দিনের মধ্যে স্কুলগুলিকে নির্ধারিত আঞ্চলিক দপ্তরে জমা দিয়ে নতুন মার্কশিট ও সার্টিফিকেট নিতে হবে।

# যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিনান্স অফিসারের পদ এখনও ‘খালি’

## উচ্চশিক্ষা দপ্তরের দিকে আঙুল



**নিজস্ব প্রতিবেদন:** সোমবার থেকে যাদবপুর বিশ্ববিদ্যালয়ের ফিনান্স অফিসারের মতো গুরুত্বপূর্ণ পদে নেই কেউই। এদিকে বড় সমস্যা হল এই পদ এতটাই গুরুত্বপূর্ণ যে একদিনও যদি এই পদে কেউ না থাকেন তাহলেই বিশ্ববিদ্যালয়ের অনেক কাজ আটকে যায়। এই অভিযোগ করে যাদবপুর বিশ্ববিদ্যালয় শিক্ষক সমিতি অর্থাৎ জুটা জটিলতা তৈরির অভিযোগ এনেছে রাজ্যের উচ্চ শিক্ষা দপ্তরের বিরুদ্ধে। বুধবার ‘জুটা’-র সাধারণ সম্পাদক পার্থপ্রতিম রায় এই প্রসঙ্গে জানান, ‘বিশ্ববিদ্যালয়ের ফিনান্স অফিসারের মেয়াদ গত ১৩ জুন শেষ হয়ে গেছে। কর্তৃপক্ষ অনেক আগেই এই সময় উত্তীর্ণ হয়ে যাওয়ার বিষয়টি উচ্চ শিক্ষা দপ্তরে আগাম জানানো হয়েছিল। কিন্তু উচ্চ শিক্ষা দপ্তর ইচ্ছাকৃতভাবে ফিনান্স অফিসার নিয়ে জটিলতা তৈরি করে রেখেছে। এর জেরে এখনও পর্যন্ত বহু গুরুত্বপূর্ণ ফাইল এবং অর্থ প্রদান আটকে গেছে। বেশ কিছু ‘স্ট্যাটুটরি পেমেন্ট’ না করলে বিশ্ববিদ্যালয়ের জরিমানা পর্যন্ত হতে পারে। এর আগে দায়িত্বপ্রাপ্ত রেজিস্ট্রার পদের মেয়াদও শেষ হয়েছিল। কিন্তু সেক্ষেত্রে উচ্চ শিক্ষা দপ্তর মেয়াদ শেষের আগেই সেই পদে যিনি ছিলেন তাঁর মেয়াদ বাড়িয়ে দেয়। তবে ফিনান্স অফিসারের ক্ষেত্রে ইচ্ছে করে জটিলতা তৈরি করা হচ্ছে। শোনা যাচ্ছে উচ্চ শিক্ষা দপ্তর নাকি বিশ্ববিদ্যালয়ের বাইরে থেকে ফিনান্স অফিসার নিয়োগ করে বিশ্ববিদ্যালয়ের সব তহবিলের নিয়ন্ত্রণ নিতে চায়।’ এরই রেশ ধরে পার্থপ্রতিম রায় এও জানান, ‘এখন উচ্চ শিক্ষা দপ্তরের এক আধিকারিক এবং বিশ্ববিদ্যালয়ের কেউ কেউ ফিনান্স অফিসারের মেয়াদ বাড়ানোর প্রক্রিয়া আটকে দিয়ে জটিলতা তৈরি করছেন। আসলে যাদবপুর বিশ্ববিদ্যালয়কে আর্থিকভাবে দুর্বল করার চক্রান্ত অনেক আগেই শুরু হয়েছে, ফিনান্স অফিসার নিয়ে জটিলতা তৈরি করা তারই অংশ। এর ফলে ছাত্র, গবেষক, শিক্ষক, শিক্ষাকর্মী থেকে আধিকারিক সকলেই ক্ষতিগ্রস্ত হচ্ছেন। সব থেকে বড় কথা হল, বিশ্ববিদ্যালয়ের পুরো আর্থিক ব্যবস্থাই ভেঙে পড়ার মুখে। আমরা উচ্চ শিক্ষা দপ্তরে ইচ্ছাকৃতভাবে এই জটিলতা তৈরির তীব্র প্রতিবাদ করছি। যদি এই সপ্তাহের মধ্যে সমস্যার সমাধান না হয় তাহলে আগামী সোমবার থেকে এর বিরুদ্ধে তীব্র আন্দোলনে যাব।’

## বাগুইআটির ভুয়ো কলসেন্টারে ধৃত ৬

**নিজস্ব প্রতিবেদন:** বাগুইআটিতে কলসেন্টারের আড়ালে চলছিল প্রতারণার কাজ। টার্গেট ছিল সমাজের প্রান্তিক শ্রেণির মানুষজন। তাদের সঙ্গে যোগাযোগ করা হত এবং কম সুদে ঋণ দেওয়ার প্রতিশ্রুতি দিয়ে তাদের কষ্টার্জিত অর্থ ছলে-বলে-কৌশলে হাতিয়ে নেওয়া হত। সুনির্দিষ্ট তথ্যের ভিত্তিতে বাগুইহাটি থানার পুলিশ বাগুইআটির একটি বহুতলে অভিযান চালায়। বিধাননগর পুলিশ কমিশনারেটের জালে ধরা পড়ে ৬ প্রতারক। এদের কাছ থেকে উদ্ধার করা হয়েছে সাইবার ক্রাইমে ব্যবহৃত একাধিক গ্যাজেট ছাড়াও মোবাইল এবং ল্যাপটপ। একের পর এক অভিযোগ পাওয়ার পর নড়েচড়ে বসে বাগুইআটির থানার পুলিশ। বাগুইআটি থানায় স্বতঃপ্রণোদিত একটি মামলা রুজু হয়।

# ইন্ডিয়ান ব্যাঙ্কের মেগা স্বনির্ভর আউটরিচ শিবির




**নিজস্ব প্রতিবেদন:** ইন্ডিয়ান ব্যাঙ্ক কলকাতার বিশ্ব বাংলা কনভেনশন সেন্টারে কটি মেগা স্বনির্ভর গোষ্ঠীর আউটরিচ এবং র‌্যাম অনুমোদন ও বিতরণ শিবির সফলভাবে আয়োজন করেছে। এফজিমও কলকাতার পরিচালনায় ব্যাঙ্কের জোনাল অফিস, বারাসত ই অনুষ্ঠানের আয়োজন করে এবং বিভিন্ন স্তরের অংশীদারদের অংশগ্রহণ লক্ষ্য করা যায়। এই অনুষ্ঠানের প্রধান অতিথি ছিলেন আইস কুহুক ভূষণ। একইসঙ্গে উপস্থিত ছিলেন কলকাতার ফিল্ড জেনারেল ম্যানেজার (এফজিম) আর.কে. সিং বং বারাসতের জোনাল ম্যানেজার (জেডম) ইউ.সি. পাত্র। এই শিবিরে ৩০০ জনেরও বেশি স্বনির্ভর গোষ্ঠীর সদস্যরা সক্রিয় অংশগ্রহণ নেন। শিবিরের একটি প্রধান আকর্ষণ ছিল মোট ৭২০ কোটি টাকার ঋণ মঞ্জুর।


## পুজোর থিমে অপারেশন সিঁদুর, পুলিশের নোটিসে বিতর্ক

**নিজস্ব প্রতিবেদন:** দুর্গাপুজোর থিম ঘোষণা করতেই পুলিশের নোটিস, বিতর্কের কেন্দ্রবিন্দুতে এবার সন্তোষ মিত্র স্কোয়ার। কলকাতার অন্যতম জনপ্রিয় এই পুজোর উদ্যোক্তা, বিজেপি কাউন্সিলর সজল ঘোষ রবিবার রাতে সামাজিক মাধ্যমে জানান, এবারের থিম ‘অপারেশন সিঁদুর’। আর তার ঠিক ৪৮ ঘণ্টার মধ্যেই আসে মুচিপাড়া থানার তরফে একটি ক্রাউড ম্যানেজমেন্ট সংক্রান্ত নোটিস। যা নিয়ে রাজ্য রাজনীতিতে নতুন করে উত্তাপ ছড়াল। বুধবার সজল ঘোষ সেই পুলিশি নোটিসের ছবি প্রকাশ করেন সামাজিক মাধ্যমে। তাঁর অভিযোগ, ‘এই নোটিস উদ্দেশ্যপ্রণোদিত। শুধুমাত্র তাঁদের পুজো নিয়েই পুলিশ এমন পদক্ষেপ নিচ্ছে, যা অন্য পুজো কমিটির ক্ষেত্রে হয়নি।’ সজল ঘোষ বলেন, ‘পুলিশ তাহলে দুটো বিষয় মেনে নিক, এক, শুধুমাত্র আমাদেরই পুজো কলকাতায় হয়, অথবা দুই, আমাদের পুজোতেই শুধু ভিড় হয়, অন্য বড় পুজোগুলোতে ভিড় হয় না। আমার বিশ্বাস, শহরের অন্য নামী পুজো এবং বড় নেতাদের পুজোর ক্ষেত্রে এই ধরনের নোটিস যায়নি।’ তিনি আরও অভিযোগ করেন, তৃণমূল কংগ্রেস আসলে থিমে ব্যবহৃত ‘সিঁদুর’ শব্দটিতেই অ্যালার্জিক। তাই এই থিমকে নিশানা করেই এই ধরনের প্রশাসনিক চাপ তৈরি করা হচ্ছে। বিজেপি নেতার কটাক্ষ, ‘আসলে সিঁদুরেই অ্যালার্জি তৃণমূলের।’ এই ইস্যুতে সরব হয়েছেন রাজ্যের বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীও। তিনি বলেন, ‘সজলকে বলব আদালতে যেতে।’

# রাজ্যে প্রথম এসি লোকাল ট্রেন

## শিয়ালদা-রানাঘাট শাখাতেই সম্ভাব্য সূচনা





**নিজস্ব প্রতিবেদন:** পশ্চিমবঙ্গের যাত্রীদের জন্য এক নতুন যুগের সূচনা হতে চলেছে। রাজ্যের ইতিহাসে প্রথমবার চালু হতে চলেছে শীতাতপ নিয়ন্ত্রিত (এসি) লোকাল ট্রেন। সূত্রের খবর, এই এসি লোকাল চালু হবে শিয়ালদা শাখায়, এবং সম্ভাব্য প্রথম রুট হতে পারে রানাঘাট থেকে শিয়ালদা। ইতিমধ্যেই নতুন এসি রেক এসে পৌঁছেছে চেন্নাইয়ের ইন্টিগ্রাল কোচ ফ্যাক্টরি (আইসিএফ) থেকে। আধুনিক সুযোগ-সুবিধায় সজ্জিত এই রেকগুলিতে থাকছে স্বয়ংক্রিয় দরজা, জিপিএস ট্র্যাকিং সিস্টেম, সিসিটিভি নজরদারি এবং উন্নত যাত্রী নিরাপত্তার বন্দোবস্ত। ১২ কোচের এই রেকগুলিতে একসঙ্গে প্রায় ১১১৮ যাত্রী সফর করতে পারবেন। রেকটিতে রুফটপ বাতানুকুল যন্ত্র রয়েছে। যেটি পুরো বগিকে ঠাণ্ডা রাখতে সাহায্য করবে। এরফলে তীব্র গরমের পর ট্রেনে উঠে কিছুটা হলেও আরামে সফর করতে পারবেন যাত্রীরা। ট্রেনের সর্বত্র এসির হাওয়া চলাচল করার জন্য ভেস্টিবিউল ব্যবস্থা থাকছে। স্টেনলেস স্টিলের তৈরি ট্রেনটি ২০ কেবি ক্ষমতাসম্পন্ন এসি ট্রেকশন দিয়ে চালানো হবে। রেকগুলি ২৫ কিলো ভোল্ট এসি ট্রাকশনে চলবে। এটি প্রতি ঘণ্টায় ১০০ থেকে ১১০ কিলোমিটার বেগে ছুটতে সক্ষম। প্যাসেঞ্জার ইনফর্মেশন সিস্টেমের জন্য প্রতিটি কোচে রয়েছে জিপিএস নিয়ন্ত্রিত এলইডি ডিসপ্লে। তবে এই ট্রেনে কোনও ভেন্ডার উঠতে পারবে না। শিয়ালদা শাখার জনসংযোগ আধিকারিক একলব্য চক্রবর্তী জানিয়েছেন যে, রাজ্য প্রথম এসি রেক এসে পৌঁছেছে। সবকিছু ঠিকঠাক থাকলে রানাঘাট-শিয়ালদাই সম্ভবত হবে রাজ্য তথা পূর্ব ভারতের প্রথম এসি লোকাল ট্রেন রুট। জানা গিয়েছে, যাত্রী পরিবহণ শুরুর আগে এই এসি লোকালের ট্রায়াল রান বা পরীক্ষামূলক যাত্রা চালানো হবে। সব কিছু পরিকল্পনামাফিক চললে, খুব শীঘ্রই যাত্রীরা স্বাদ পেতে চলেছেন রাজ্যের প্রথম এসি লোকাল ট্রেনে সফরের। এই উদ্যোগ যাত্রীস্বাচ্ছন্দ্যের দিক থেকে এক গুরুত্বপূর্ণ মাইলফলক বলে মনে করছেন রেল আধিকারিকেরা।

বৈঁক ऑफ़ इंडिया
Bank of India BOI
Relationship beyond banking

**বর্ধমান আঞ্চলিক দপ্তর**
৪৪৬/এন, আর্মস্ট্রং এভিনিউ, বিধাননগর, সেক্টর-২এ, দুর্গাপুর
জেলা- বর্ধমান, পিন-৭১৩২১২, দূরভাষ নং ৭৪৭৯০০৭৩৫৬

**ই-অকশন বিক্রয় বিজ্ঞপ্তি**
**(অস্থাবর/স্থাবর সম্পত্তির জন্য)**

**পরিশিষ্ট- IV-A [রুল ৮(৬) এবং রুল ৬(২) -এর বিধান দ্রষ্টব্য]**
**অস্থাবর/স্থাবর সম্পত্তি বিক্রয়ের জন্য বিক্রয় বিজ্ঞপ্তি**

সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস, ২০০২ -এর রুল ৮(৬) এবং রুল ৬(২) -এর বিধান সহ পঠিত সিকিউরিটিজেশন অ্যান্ড রিকনস্ট্রাকশন অব ফিনান্সিয়াল অ্যাসেটস অ্যান্ড এনফোর্সমেন্ট অব সিকিউরিটি ইন্টারেস্ট অ্যাক্ট, ২০০২ -এর অধীনে অস্থাবর/স্থাবর সম্পদ বিক্রয়ের জন্য ই-নিলাম বিক্রয় বিজ্ঞপ্তি।

সাধারণভাবে জনসাধারণকে এবং বিশেষত ঋণগ্রহীতা এবং জামিনদারদের নোটিশ দেওয়া হচ্ছে যে নীচে বর্ণিত স্থাবর সম্পত্তিগুলি সুরক্ষিত ক্রেডিটরের কাছে বন্ধক/চার্জ করা হয়েছে, যার গঠনমূলক দখল ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার অনুমোদিত আধিকারিকদের দ্বারা নেওয়া হয়েছে, নীচে উল্লিখিত ঋণগ্রহীতা/জামিনদারদের কাছ থেকে ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার প্রাপ্য নীচে উল্লিখিত পরিমাণগুলি পুনরুদ্ধারের জন্য **২৫/০৭/২০২৫** তারিখে ‘‘যেমন আছে সেখানে’’ বিক্রি করা হবে, ‘‘যেমন আছে’’, এবং ‘‘যা কিছু আছে’’ ভিত্তিতে বিক্রি করা হবে। রিজার্ভ মূল্য এবং আর্নেস্ট মানি ডিপোজিট নীচে উল্লেখ করা হয়েছে।

| ক্র. নং | ঋণগ্রহীতা/জামিনদারদের নাম ও ঠিকানা সহ শাখার নাম | সম্পত্তির বিবরণ | ক. সুরক্ষিত ঋণ/বকেয়ার পরিমাণ (টাকায়) খ. দাবি বিজ্ঞপ্তির তারিখ গ. দখলের তারিখ | ১. মজুত মূল্য ২. অগ্রিম মূল্য জমা (ইএমডি) ৩. বিড বর্ধিত অঙ্ক |
|---|---|---|---|---|
| ১. | সাতগাছিয়া শাখা<br>অ্যাকাউন্টের নাম: **পরমানন্দ হার্ডওয়্যার অ্যান্ড বিল্ডার্স**<br>**ঋণগ্রহীতাদের নাম:-**<br>**১. মেসার্স পরমানন্দ হার্ডওয়্যার অ্যান্ড বিল্ডার্স (স্বত্বাধিকারী- শ্রী মহাদেব ঘোষ)** বাসস্থান- কালনা রোড, বুলবুলিতলা, গ্রাম-উত্রা, সুলতানপুর গ্রাম পঞ্চায়েত, জেলা- পূর্ব বর্ধমান, পশ্চিমবঙ্গ | মৌজা: উত্তরা, প্লট নং-৯৫৭, এল.আর. খতিয়ান নং-৭৫৬ এবং ৭৫৭, সুলতানপুর গ্রাম পঞ্চায়েতের সীমানার মধ্যে, পোস্ট- খালিশপুর, থানা-কালনা, জেলা- পূর্ব বর্ধমান, পিন-৭১৩৪২২। **সম্পত্তিটি শ্রী মাধব ঘোষ এবং শ্রী মহাদেব ঘোষের নামে।**<br>**সম্পত্তিটির চৌহদ্দি নিম্নরূপ:** পূর্ব - রমেশ ঘোষের জমি, পশ্চিম - কাশীনাথ পান -এর দোকান, উত্তর - ৩০ ফুট প্রশস্ত বর্ধমান-কালনা রোড, দক্ষিণ - মহাদেব ঘোষের বাড়ি। | ক. ২০.৬০ লক্ষ টাকা এবং তদুপরি ইউসিএই এবং অন্যান্য চার্জ।<br>খ. ১৭.০৯.২০২৪<br>গ. ২০.০১.২০২৫ | ১. ৩৮,১৫,০০০.০০ টাকা<br>২. ৩,৮১,৫০০.০০ টাকা<br>৩. ১০,০০০.০০ টাকা। |
| ২. | উখরা শাখা<br>অ্যাকাউন্টের নাম: **মেসার্স বাবা লোকনাথ অটো পার্টস**<br>**ঋণগ্রহীতাদের নাম:-**<br>**মেসার্স বাবা লোকনাথ অটো পার্টস (স্বত্বাধিকারী - শ্রী মুন্না সিং),**<br>বাসস্থান- উখরা, পশ্চিম বর্ধমান | মৌজা- ছোড়া, জে.এল নং-২৯, এল.আর. প্লট নং-২৪৪৬, এল.আর. খতিয়ান নং-১৫১৫ এবং ১৫১৬, ছোড়া গ্রাম পঞ্চায়েত, জেলা- পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩২২। **সম্পত্তিটি শ্রী মুন্না সিংহের নামে।**<br>**সম্পত্তিটির চৌহদ্দি নিম্নরূপ:** উত্তরে- পিসিসি রোড, পূর্বে- প্রভাত মিত্রের জমি, দক্ষিণে- নেহেরু বিদ্যাপীঠ স্কুল, পশ্চিমে- পেট্রোল পাম্প | ক. ১০.০১ লক্ষ টাকা এবং তদুপরি ইউসিএই এবং অন্যান্য চার্জ।<br>খ. ০৪.১২.২০২৪<br>গ. ০১.০৩.২০২৫ | ১. ৮,৯২,০০০.০০ টাকা<br>২. ৮৯,২০০.০০ টাকা<br>৩. ১০,০০০.০০ টাকা |
| ৩. | বার্নপুর শাখা<br>অ্যাকাউন্টের নাম: **শ্রীমতী শিখা তেওয়ারি**<br>**ঋণগ্রহীতাদের নাম:-**<br>**শ্রীমতী শিখা তেওয়ারি এবং শ্রী সুমন তেওয়ারি**<br>বাসস্থান- উখরা, পশ্চিম বর্ধমান | মৌজা- উখরায় অবস্থিত সম্পত্তি, জে.এল. নং-১৮, আর.এস. এবং এল.আর. প্লট নং-১৬৪৬, খতিয়ান নং-৫৯৮১, পোস্ট- উখরা, থানা-আন্ডাল, জেলা-পশ্চিম বর্ধমান, পিন-৭১৩৩৬৩। **সম্পত্তিটি শ্রীমতি শিখা তেওয়ারির নামে।**<br>**সম্পত্তিটির চৌহদ্দি নিম্নরূপ:** উত্তরে- ৬ ফুট প্রশস্ত রাস্তা, পূর্বে- হরবচন সিং-এর বাড়ি, দক্ষিণে- শ্রী মিলনের বাড়ি, পশ্চিমে- সিন্ধু বার্নওয়ালের বাড়ি। | ক. ১৩.৬১ লক্ষ টাকা এবং তদুপরি ইউসিএই এবং অন্যান্য চার্জ।<br>খ. ০৬.০৬.২০২৪<br>গ. ২৩.০৯.২০২৪ | ১. ১৬,৮৫,০০০.০০ টাকা<br>২. ১,৬৮,৫০০.০০ টাকা<br>৩. ১০,০০০.০০ টাকা |
| ৪. | চিত্তরঞ্জন শাখা<br>অ্যাকাউন্টের নাম: শ্রীমতী জয়শ্রী দাস<br>**ঋণগ্রহীতাদের নাম:-**<br>**শ্রীমতী জয়শ্রী দাস,**<br>স্বামী- শ্রী দেবোত্তম দাস,<br>বাসস্থান- এসটি নং- ৩৭, কোয়ার্টার নং ১/২এ, চিত্তরঞ্জন, জেলা-পশ্চিম বর্ধমান। | **প্রস্তুতকারক ও মডেল:** হুন্ডাই মোটর ইন্ডিয়া লিঃ, VERNA FL VTVT<br>**রেজিস্ট্রেশন নং:** WB-38AL-1132,<br>**রেজিস্ট্রেশনের তারিখ:** ০৫.০৬.২০১৭<br>**ইঞ্জিন নং:** G4FAGW586761,<br>**চেসিস নং:** MALCT41CLHM226451,<br>**জ্বালানির ধরণ:** পেট্রল<br>**বছর:** ২০১৭ | ক. ২৬.৫৪ লক্ষ টাকা এবং তদুপরি ইউসিএই এবং অন্যান্য চার্জ। | ১) ২,০৫,৫০০.০০ টাকা<br>২) ২০,৫৫০.০০ টাকা<br>৩) ১০,০০০.০০ টাকা |
| ৫. | চিত্তরঞ্জন শাখা<br>অ্যাকাউন্টের নাম: **শ্রী সন্দীপ সাহা**<br>**ঋণগ্রহীতাদের নাম :-**<br>**শ্রী সন্দীপ সাহা ও মৌসুমী সাহা,**<br>বাসস্থান- বর্ধমান, পশ্চিমবঙ্গ | **প্রস্তুতকারক ও মডেল:** হুন্ডাই মোটর ইন্ডিয়া লিঃ, XCENT 1.2 CRDIS<br>**রেজিস্ট্রেশন নং:** WB-42AQ-4857,<br>**রেজিস্ট্রেশনের তারিখ:** ২৬.১১.২০১৮<br>**ইঞ্জিন নং:** D3FBJM652216,<br>**চেসিস নং:** MALA741ELJM347042,<br>**জ্বালানির ধরণ:** ডিজেল<br>**বছর:** ২০১৮ | ক. ৩.২০ লক্ষ টাকা এবং এবং তদুপরি ইউসিএই এবং অন্যান্য চার্জ। | ১) ১,৮৮,৫৫০.০০ টাকা<br>২) ১৮,৮৫৫.০০ টাকা<br>৩) ১০,০০০.০০ টাকা |

**নিয়ম ও শর্তাবলী:**

(১) নিলাম বিক্রয়/ডাক কেবল ‘‘অনলাইন ইলেকট্রনিক বিডিং’’ প্রক্রিয়ার মধ্য দিয়ে ওয়েবসাইট **https://BAANKNET.com** -এর মাধ্যমে হবে।
(২) সমস্ত সম্পত্তির ক্ষেত্রে নিলামের তারিখ ও সময় **২৫.০৭.২০২৫ বেলা ১০.০০টা থেকে বিকেল ০৫.০০টা পর্যন্ত,** যার অসীমিত সম্প্রসারণ হবে প্রতি ৫ মিনিটের, অর্থাৎ প্রথম পর্বে নিলাম প্রক্রিয়া চলবে ১৮০ মিনিট এবং যদি শেষ ৫ মিনিটে একটি বৈধ ডাক পাওয়া যায়, নিলাম আরও ৫ মিনিটের জন্য প্রসারিত হবে। এই প্রক্রিয়া চলতেই থাকবে যতক্ষণ শেষ ৫ মিনিটে কোনও বৈধ ডাক না থাকে। উপরোক্তমতো সংরক্ষিত মূল্যে নিলাম শুরু হবে। আগ্রহী পার্টিরা সম্পত্তিগুলি **২৫.০৭.২০২৫ তারিখ (বিকাল ০৪.০০টা পর্যন্ত)** পর্যন্ত দেখতে পারেন।
(৩) আগ্রহী ডাকদাতারা পোর্টাল **https://BAANKNET.com** -এ তাঁদের নাম রেজিস্ট্রি করতে পারেন এবং ইউজার আইডিও পাসওয়ার্ড পেতে পারেন। সম্ভাব্য ডাকদাতারা উপরের ইঅকশন দেখুন কীভাবে অকশনের জন্য রেজিস্টার করবেন, অকশনের মোড এবং অন্যান্য প্রসেসের জন্য। সম্ভাব্য ডাকদাতারা যোগাযোগ করতে পারেন ব্যক্তি ০৩৩-২২১০-৭৪৪৮ নম্বরে, অমিত কুমার সিং (+৯১৯০০৬০৮২০৪৫) অথবা অভিষেক পরাশর (+৯১ ৮২০৮১ ৯০৩৬৭)-এর সঙ্গে।
(৪) উপরোক্ত সম্পত্তি/পরিসম্পৎ **‘‘যেখানে যে-অবস্থায় আছে ভিত্তিতে’’, ‘‘যেখানে যাহাই আছে ভিত্তিতে’’** এবং **‘‘কোনও রিকোর্স ব্যতীত ভিত্তিতে’’** বিক্রি হবে। আগ্রহী ডাকদাতারা তাঁদের ডাক দাখিলের পূর্বে নিলানের প্রদত্ত সম্পত্তির ঝঞ্ঝাট ও স্বত্ব এবং সম্পত্তিতে প্রভাব ফেলে এমন দাবি/স্বত্ব/বকেয়া সম্পর্কে নিজস্ব খোঁজখবর নেবেন। অনুমোদিত অফিসার/জামিনযুক্ত উত্তমর্ণরা যে-কোনও তৃতীয় পক্ষের দাবি/স্বত্ব/বকেয়ার জন্য কোনওভাবেই দায়ী হবেন না।
(৫) উপরোক্ত তফসিলে বর্ণিত হয়েছে প্রাপ্ত সেরা তথ্য এবং এই পাবলিক নোটিসে কোনও ভ্রান্তি, ভুল বিবরণ বা কিছু বাদ গেলে অনুমোদিত অফিসার/ব্যাঙ্ক অনুমোদিত অফিসার এবং/বা ব্যাঙ্ক জবাবদিহির যোগ্য হবেন না।
(৬) উপরোক্ত সম্পত্তিগুলি উপরে বর্ণিত সংরক্ষিত মূল্যের নীচে বিক্রি হবে না। আগ্রহী ডাকদাতাদের উপরে বর্ণিত বায়নার টাকা (ইএমডি) **মেসার্স পিএসবি অ্যালায়ান্স প্রাঃ লিঃ** দ্বারা **BAANKNET** পোর্টালের উপর প্রোভাইড ওয়ালেটে জমা দিতে হবে।
(৭) আগ্রহী ডাকদাতাদের উক্ত পোর্টালে রেজিস্টার করতে হবে অকশনের আগেই এবং বিবরণ দাখিল করতে হবে **২৫.০৭.২০২৫** তারিখ বা তার পূর্বে।
(৮) সর্বোচ্চ/সফল ডাকদাতাকে বিক্রয় সম্পর্কে অনুমোদিত অফিসার কর্তৃক ডাক গৃহীত হওয়ার অব্যবহিত পরেই ইতিমধ্যে প্রদত্ত ইএমডি সামিল করে ডাক অর্থে ২৫ শতাংশ জমা দিতে হবে;বিক্রয় অসম্পূর্ণ/বিফল হলে ইএমডি ফেরতযোগ্য নয়। সর্বোচ্চ ডাকদাতাকে তার ডাক দেওয়ার আইনগত যোগ্যতা সাপেক্ষে এখানে বর্ণিত সম্পত্তির সফল ডাকদাতা/ক্রেতা হিসাবে ঘোষণা করা হবে।
(৯) ডাক/ক্রয় অর্থে অবশিষ্ট ৭৫ শতাংশ অনুমোদিত অফিসার কর্তৃক বিক্রয় সুনিশ্চিত করার অথবা অনুমোদিত অফিসারের একক সিদ্ধান্তে লিখিতভাবে সম্মতিক্রমে ও ওইরূপ সম্প্রসারিত সময়কালে ব্যাঙ্কের কার্যকালে **১৫ দিনের** মধ্যে আদায় দিতে হবে। সফল ডাকদাতা কোনও কারণে পেমেন্ট করতে ব্যর্থ হলে ডাকদাতার ইতিমধ্যেই জমা দেওয়া টাকা বাজেয়াপ্ত করা হবে এবং অনুমোদিত অফিসার/ব্যাঙ্ক-এর স্বাধীনতা থাকবে নিলাম বাতিল করার ও নতুন নিলাম পরিচালনার।
(১০) গোটা বিক্রয় পর্ব মিটে যাওয়ার পর অনুমোদিত অফিসার ডাকদাতা বা তাঁর নমিনি বা অন্য ব্যক্তির সঙ্গে যুগ্মভাবে ডাকদাতার নামে সেল সার্টিফিকেট ইস্যু করবেন এবং বিক্রি প্রক্রিয়াকে সম্পূর্ণ বলে ঘোষণা করবেন এবং আর কোনও দাবি গ্রাহ্য করবে না।
(১১) অনুমোদিত অফিসার সর্বোচ্চ ডাক বা যে কোনও বা সমস্ত ডাক গ্রাহ্য করতে বাধ্য নন এবং কোনও কারণ না দেখিয়ে যেকোনও বা সমস্ত ডাক গ্রাহ্য বা অগ্রাহ্য করতে পারেন এবং নিজের নিরঙ্কুশ সিদ্ধান্তে বিক্রির যেকোনও শর্তে তারতম্য সংশোধন বা সরিয়ে দিতে পারেন।
(১২) সফল ডাকদাতা/ক্রেতা কনভেয়েন্স ডিড, কর, সার্ভিস ট্যাক্স/টিডিএস সহ (৫০ লক্ষ টাকা বা তদূর্ধ্ব মূল্যে সম্পত্তির জন্য ১৯৪ আইএ ধারা অনুযায়ী) যদি থাকে প্রদেয় চার্জ/ফি বহন করতে হবে।
(১৩) এই বিজ্ঞাপন প্রকাশ উপরোক্ত ঋণগ্রহীতা/জামিনদার/বন্ধকদাতাদের প্রতি অগ্রিম ২০০২ সালের দ্য সিকিউরিটি ইন্টারেস্ট (এনফোর্সমেন্ট) রুলস-এর রুল ৮(৬) এবং রুল ৬(২) অধীন ৩০ দিনের নোটিসও।

**তারিখ: ১৮.০৬.২০২৫**
**স্থান: দুর্গাপুর**

**অনুমোদিত অফিসার**
**ব্যাঙ্ক অফ ইন্ডিয়া**

## সম্পাদকীয়

# কেটেও কাটছে না ওবিসি জটিলতা, প্রশ্নের মুখে রাজ্যের শিক্ষক নিয়োগ থেকে স্নাতকে ভর্তি

ওবিসি সার্টিফিকেট সংক্রান্ত জটিলতায় ক্রমশ জড়াচ্ছে রাজ্য প্রশাসন। বিধানসভার চলতি অধিবেশনে এ সংক্রান্ত সংশোধনী পাশ করার পরও তা ফের আটকে গেল আদালতে। মঙ্গলবারই রাজ্যের জারি করা সংশোধীত ওবিসি বিজ্ঞপ্তির উপর আগামী ৩১ জুলাই পর্যন্ত অন্তর্বর্তী স্থগিতাদেশ দিয়েছে কলকাতা হাইকোর্ট। সোমবার পোর্টাল চালু করে সমস্ত দফতরে কাস্ট সার্টিফিকেট জমা দেওয়ার আবেদন করতে বলেছিল রাজ্য। তাতেও স্থগিতাদেশ জারি করেছে কলকাতা হাইকোর্টের বিচারপতি তপোব্রত চক্রবর্তী ও বিচারপতি রাজাশেখর মান্থার ডিভিশন বেঞ্চ। আগামী ২৪ জুলাই মামলার পরবর্তী শুনানি।হাইকোর্টের এই নির্দেশের জেরে স্বাভাবিক ভাবেই কলেজে স্নাতকস্তরে ভর্তি থেকে শুরু করে শিক্ষক-সহ একাধিক নিয়োগ সংক্রান্ত প্রক্রিয়াকে ঘিরে নতুন করে জটিলতা তৈরি হল কিনা উঠছে প্রশ্ন। মঙ্গলবারের ওই নির্দেশের ফলে ভর্তি এবং নিয়োগের ক্ষেত্রে ১৪০টি শ্রেণিকে অন্তর্ভুক্ত করে জারি হওয়া ওবিসি সংক্রান্ত নয়া বিজ্ঞপ্তি আপাতত কার্যকর করা যাবে না। হাইকোর্টের নির্দেশ নিয়ে সুপ্রিম কোর্টের দৃষ্টি আকর্ষণ করা যায় কিনা তা নিয়ে ভাবনা চিন্তা শুরু করেছে রাজ্য। নেওয়া হচ্ছে আইনি পরামর্শ। মজার বিষয় দীর্ঘ প্রতীক্ষার পর ১৭ জুন মঙ্গলবারই রাজ্যের ১৭টি বিশ্ববিদ্যালয়ের ৪৬১টি কলেজে স্নাতকস্তরে ভর্তির কেন্দ্রীয় পোর্টালের আনুষ্ঠানিক সূচনা করেন শিক্ষামন্ত্রী ব্রাত্য বসু। বুধবার থেকে পোর্টালে আবেদন করতে পারবে পড়ুয়ারা। যাদবপুর বিশ্ববিদ্যালয়ও বুধবার ১৮ জুন থেকে ভর্তির পোর্টাল খুলে দিয়েছে। এরমধ্যে স্থগিতাদেশ নতুন করে চিন্তার ভাঁজ ফেলেছে অভিভাবকদের কপালে। যদিও শিক্ষামন্ত্রী আশ্বাস দিয়েছেন স্থগিতাদেশের জেরে ভর্তি প্রক্রিয়ায় কোনও প্রভাব পড়বে না। ওবিসি সংরক্ষণ ৭ শতাংশ থেকে বাড়িয়ে ১৭ শতাংশ করার যে সিদ্ধান্ত রাজ্য নিয়েছিল, এর ফলে তাও স্থগিত হয়ে গেল। যদিও নতুন করে ওবিসি তালিকায় অন্তর্ভুক্ত হওয়া ৭৬টি শ্রেণির ক্ষেত্রেই স্থগিতাদেশ জারি হয়েছে, আগের ৬৬টি শ্রেণির জন্য নয়। ফলে স্নাতকে ভর্তির যাবতীয় প্রক্রিয়া জারি রাখতে কোনও বাধা নেই বলেই মনে করছে শিক্ষা ব্যবস্থার সঙ্গে যুক্তদের একাংশ।

## শব্দবাণ-৩০৭

| | | | | | | |
|---|---|---|---|---|---|---|
| ■ | ■ | ■ | ■ | ১ | ■ | ■ |
| ■ | ২ | | ৩ | | ৪ | ■ |
| ■ | | ■ | | ■ | ৫ | |
| ■ | ৬ | | ■ | | | ■ |
| ৮ | | ■ | ৯ | ■ | | ■ |
| ■ | ১০ | ১১ | | | | ■ |
| ■ | ■ | | ■ | ■ | ■ | ■ |

শুভজ্যোতি রায়

**সূত্র—পাশাপাশি:** ২. বুনো পায়রা ৫. ছেদন ৬. ব্রতীদের শিখা ৭. গাইগোরু ৮. প্রণাম, নমস্কার ১০. উল্কাপতন।

**সূত্র—উপর-নীচ:** ১. ফাজিল ২. কুবাক্য, গালি ৩. বধির ৪. চড়,করতলের আঘাত ৯. বিষয়নির্দেশ ১১. চার মিনিট।

**সমাধান: শব্দবাণ-৩০৬**

**পাশাপাশি:** ১. চম্পক ৩. ওয়াস্ত ৫. লওয়া ৬. রসিক ৭. নালিশ ৯. কেউটে ১১. জঙ্গল ১২. নয়ন।

**উপর-নীচ:** ১. চণ্ডাল ২. কড়ুয়া ৩. ওজর ৪. স্তবক ৭. নারাজ ৮. শকল ৯. কেবিন ১০. টেটন।

## জন্মদিন

## আজকের দিন



রাহুল গান্ধি

*১৯৫৪ বিশিষ্ট রাজনীতিবিদ যশোধরা রাজে সিন্ধিয়ার জন্মদিন।*
*১৯৫৫ বিশিষ্ট চলচ্চিত্রাভিনেত্রী মিঠু মুখোপাধ্যায়ের জন্মদিন।*
*১৯৭০ বিশিষ্ট রাজনীতিবিদ রাহুল গান্ধির জন্মদিন।*

# ৫ লক্ষ তোলা না পেয়ে কাপড় ব্যবসায়ীকে মারধর করে গ্রামছাড়া করার অভিযোগ

## পুলিশি নিষ্ক্রিয়তার অভিযোগ, পুলিশ সুপারের দ্বারস্থ পরিবার



**নিজস্ব প্রতিবেদন, মালদা:** পাঁচ লক্ষ টাকা তোলা না দেওয়ায় গাছে বেঁধে এক কাপড় ব্যবসায়ীকে মারধর। পরে সালিশি করে গ্রাম ছাড়া করার অভিযোগ উঠল স্থানীয় একদল দুষ্কৃতীদের বিরুদ্ধে। ঘটনাটি ঘটেছে, কালিয়াচক থানার ফতেখানি এলাকায়। এই ঘটনায় আক্রান্ত ব্যবসায়ীর পরিবার কালিয়াচক থানার দ্বারস্থ হলেও চারদিন পরে পুলিশ কোনও ব্যবস্থা নেয়নি বলে অভিযোগ। অবশেষে বুধবার ওই ব্যবসায়ী দম্পতি সমস্ত ঘটনার বিষয়টি নিয়ে অভিযোগ জানালেন পুলিশ সুপারের কাছে। অভিযোগের পরিপ্রেক্ষিতে পুরো বিষয়টি নিয়ে তদন্তের নির্দেশ দিয়েছেন মালদার পুলিশ সুপার প্রদীপ কুমার যাদব।

এদিকে কালিয়াচকের ওই ব্যবসায়ীর ওপর আক্রমণ এবং পাঁচ লক্ষ টাকা তোলাবাজির ঘটনায় রীতিমতো অসন্তোষ প্রকাশ করেছেন জেলার সর্ববৃহৎ ব্যবসায়ীদের সংগঠন মালদা মার্চেন্ট চেম্বার অফ কমার্সের কর্মকর্তারা। সংশ্লিষ্ট সংগঠনের সভাপতি জয়ন্ত কুন্ডু জানিয়েছেন, এই ধরনের ঘটনা আমরা তীব্র প্রতিবাদ জানাচ্ছি। বারবার যদি ব্যবসায়ীদের ওপর দুষ্কৃতীদের হামলা নেমে আসে, তাহলে আমরা যাব কোথায়। অবিলম্বে পুলিশ সুপার যাতে অপরাধীদের গ্রেপ্তার করে দৃষ্টান্তমূলক শাস্তির ব্যবস্থা করেন। নির্যাতনের শিকার পোশাক ব্যবসায়ী মহম্মদ রহিম বিশ্বাস জানিয়েছেন, পুরনো একটি মামলার ঘটনায় গত শনিবার এলাকার এক কুখ্যাত দুষ্কৃতী জহরুল খান এবং তার দলবল তাকে বাড়ির সামনে থেকে তুলে নিয়ে যায়। তাদের একটি ডেরায় তাঁকে গাছে বেঁধে ব্যাপক মারধর করা হয়। এরপর পাঁচ লক্ষ টাকার তোলা চাওয়া হয়। সেই টাকা না দেওয়ায় আশেপাশের আরও কিছু সাগরেদদের জুটিয়ে সালিশি ডাকা হয়। সেই সালিশির মাধ্যমে তাদের পরিবারকে গ্রাম ছাড়া করার হুঁশিয়ারি দেওয়া হয়। এরপর বাধ্য হয়ে আত্মীয়ের বাড়িতে আত্মগোপন করে থাকতে হয় তাকে। এমনকী ফতেখানি স্ট্যান্ডের কাছে ওই ব্যবসায়ী তার নিজের পোশাকে শোরুম খুলতে পারছেন না। এদিকে ওই ব্যবসায়ীর স্ত্রী অসেফা বিবি জানিয়েছেন, ২০২২ সালে সেপ্টেম্বর মাস নাগাদ ব্যবসা সংক্রান্ত কারণে তার স্বামীর কাছ থেকে এলাকার ওই দুষ্কৃতী জহুরুল খান দলবল নিয়ে পাঁচ লক্ষ টাকা তোলা চেয়েছিল। টাকা না দিতে পারায় তখন স্বামীকে মারধর করা হয়। এরপর কালিয়াচক থানায় মামলা দায়ের হয়। দুই বছর জেল খাটে অভিযুক্ত ওই ব্যক্তি ও তার দলের কয়েকজন। এক মাস আগে ওরা জামিনে ছাড়া পেয়েছে। এরপর থেকেই নতুন করে আমাদের পরিবারের ওপর হামলা চালানো ও প্রাণনাশের হুমকি দেওয়া হচ্ছে। স্থানীয় সূত্রে জানা গিয়েছে, জহুরুল খান একসময় তৃণমূলের দাপুটে নেতা ছিল। এ প্রসঙ্গে বিজেপির দক্ষিণ মালদার সাংগঠনিক সাধারণ সম্পাদক অম্লান ভাদুরি বলেন, তৃণমূল দলের মদতেই দুষ্কৃতীদের দৌরাত্ম্য বেড়েই চলেছে। তৃণমূলের জেলার মুখপাত্র আশিস কুন্ডু বলেন, পুলিশ অপরাধীদের বিরুদ্ধে আইনগত ব্যবস্থা নিচ্ছে। তবে ওই ব্যক্তির সঙ্গে দলের কোনও সম্পর্ক নেই। বিজেপি ভিত্তিহীন অভিযোগ করছে। মালদার পুলিশ সুপার জানিয়েছেন, অভিযোগের পরিপ্রেক্ষিতে দ্রুত দুষ্কৃতীদের গ্রেপ্তারের নির্দেশ দেওয়া হয়েছে।

# ইরানে পড়তে গিয়ে আটকে বসিরহাটের সৈয়দ

## দু'দেশের লড়াইয়ে দুশ্চিন্তায় ঘুম উড়েছে রেজবি পরিবারের



**নিজস্ব প্রতিবেদন, বসিরহাট:** মধ্যপ্রাচ্যে যুদ্ধ শুরু হয়েছে, যুদ্ধের মাঝেই বসিরহাটের ছেলে পড়তে গিয়ে আটকে রয়েছে। দুশ্চিন্তায় ঘুম উড়েছে বসিরহাটের সাঁকচূড়ার রেজবি পরিবারের। তাঁদের ছেলে সৈয়দ বাকির মাজলেসি রেজবি ২০১৮ সালে ইরানের কোম শহরে পার্সি ভাষায় ডক্টরেট পড়তে গিয়েছিল। মাঝে বাড়ি এসেছিল, কিন্তু ৮ মাস আগে যাওয়ার পরে আজও ফেরেনি। তার মধ্যেই যুদ্ধের দামামা বেজে গিয়েছে মধ্যপ্রাচ্য দেশে। যুদ্ধের কারণে বিপাকে পড়েছেন তিনি। পরিবারের সঙ্গে এখন এক প্রকার যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে। তাঁর ইন্টারনেট থাকলে কখনো কথা হচ্ছে আবার কখনো হচ্ছে না, ঠিকভাবে যোগাযোগ রাখতে পারছেন না পরিবারের মানুষ। আমরা আতঙ্কে আছি ইন্টারনেট বন্ধ হয়ে গেলে আর যোগাযোগ করা সম্ভব হবে না তার সঙ্গে। এখন রীতিমতো উদ্বিগ্ন তাঁর পরিবার। উদ্বিগ্ন সৈয়দ নিজেও। সামাজিক মাধ্যমে বিধায়কের মারফত মুখ্যমন্ত্রীর কাছে দেশে ফিরিয়ে আনার জন্য আর্জি জানিয়েছেন তিনি। বসিরহাটের সাঁকচূড়ায় বাড়ি সৈয়েদ বাকির মাজলেসি রেজবির। পড়াশোনায় ছোট থেকেই মেধাবী। পার্সি ভাষায় ডক্টরেট করতে যান ইরানে আল-মোস্তফা ইন্টারন্যাশনাল ইউনিভার্সিটিতে যেটি ইরানের কোম শহরে অবস্থিত। এই মুহূর্তে ইরান এবং ইজরায়েলের যুদ্ধে ভয়াবহ পরিস্থিতি। ইরানে মোবাইলের নেটওয়ার্কের সমস্যা হওয়ায় বাড়ির সঙ্গে ঠিকমতো যোগাযোগ করতে পারছেন না তিনি। বাড়ির থেকে ফোন করেও যোগাযোগ করা যাচ্ছে না। সৈয়দের দাদা গোলাম আসকারী বলেন, ওর টিকিট কাটা ছিল। ২০ জুন বাড়ি আসার কথা। কিন্তু বিমান পরিষেবা বন্ধ। দূতাবাসের লোকজন ওদের সঙ্গে যোগাযোগও করছে, আমার সঙ্গেও যোগাযোগ হয়েছে। ভাইয়ের সঙ্গে দু'দিন আগে কথা হয়েছে, আমার পরিবারের দাবি, যত তাড়াতাড়ি হোক আমাদের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায় এবং কেন্দ্রীয় সরকার নরেন্দ্র মোদী তাদেরকে বাড়ি ফেরার ব্যবস্থা করুক, কারণ যতদিন যাচ্ছে পরিস্থিতি খারাপের দিকে যাচ্ছে। চিন্তাগ্রস্ত সৈয়দের মা বললেন, ভীষণ কষ্ট হচ্ছে। আমার ছেলেকে বাড়ি ফিরিয়ে দেওয়া হোক।

# অন্ডালে অস্বাস্থ্যকর পরিবেশে অঙ্গনওয়াড়ি কেন্দ্র চলার অভিযোগ

**নিজস্ব প্রতিবেদন, অন্ডাল:** অন্ডাল ব্লকের উখড়া পঞ্চায়েতের ২১ নম্বর সংসদের জামাইপাড়ার ১৪৭ নম্বর আইসিডিএস কেন্দ্রটি অত্যন্ত অস্বাস্থ্যকর পরিবেশে চলছে বলে অভিযোগ।

এই সেন্টারে পড়ুয়া রয়েছে ২১ জন। পড়ুয়া ছাড়াও তিনজন প্রসূতি ও আর ও পাঁচজনের জন্য প্রতিদিন হয় মিড ডে মিলে রান্না। সেন্টারের দায়িত্বে রয়েছেন একজন শিক্ষিকা, অন্যজন সহায়িকা। স্থানীয় বাসিন্দা ও অভিভাবকদের একাংশের অভিযোগ, সেন্টারটি চলছে অস্বাস্থ্যকর পরিবেশে। যে রুমে পড়াশোনা হয় সেই রুমটির ছাড়া দেওয়ালে ড্যাম্প ধরেছে। স্যাঁতসেঁতে ক্লাসরুমে হয় পঠনপাঠান। রুমের একমাত্র জানলার ওপর অংশটি ভাঙা। কাপড়ের টুকরো ঢেকে সেটি আড়াল করে রাখা হয়েছে কোনওমতে। রান্নাঘরের টিনের চালের একাংশ ভেঙেছে বহুদিন আগে। ভাঙা অংশ দিয়ে বর্ষায় বৃষ্টির জল ঢোকে সেই ঘরে। সংকীর্ণ ঘরটির মেঝেতে জমে থাকে জল। এছাড়াও পড়ুয়া ও শিক্ষিকা, সহায়িকাদের ব্যবহারের জন্য রয়েছে একটি বাথরুম। কিন্তু সেই বাথরুমে কোনও দরজা নেই। অভিযোগ আগে দরজা ছিল, বহুদিন আগে কেউ কারা সেই দরজাটি খুলে নিয়ে গিয়েছে।

সেন্টারের সহায়িকা কৃষ্ণা মণ্ডল বলেন, 'বর্ষাকালে টিনের ভাঙা অংশ থেকে জল ঢোকে রান্নাঘরে। এরকম পরিস্থিতিতে ঘরের এক কোণে রান্না করা খাবার রাখতে হয়। আমরাও ঘরের এক কোণে কোনও রকমে আশ্রয় নিয়ে দাঁড়িয়ে থাকি।' বেশি বৃষ্টি হলে পরিস্থিতি আরও খারাপ হয় বলে জানান তিনি। সেন্টারের শিক্ষিকা চন্দ্রা রায়চৌধুরী বলেন, সেন্টারটি মেরামতির প্রয়োজন আছে। বিষয়টি স্থানীয় পঞ্চায়েত সদস্য ও পঞ্চায়েত প্রধানকে জানানো হয়েছে। পঞ্চায়েত সদস্য মৃত্যুঞ্জয় মণ্ডল বলেন, 'প্রধান একবার সেন্টারটি দেখে গিয়েছেন। প্রয়োজনে আবার প্রধানকে অনুরোধ করব সেন্টারটি সংস্কারের ব্যাপারে পদক্ষেপ করতে।'

পঞ্চায়েত প্রধান মিনা কোলের এই বিষয়ে কোনও প্রতিক্রিয়া পাওয়া যায়নি। অন্ডাল ব্লকের বিডিও দেবাঞ্জন দত্ত বলেন, যেসব সেন্টারগুলো সংস্কারের প্রয়োজন রয়েছে তার তালিকা তৈরি করা হয়েছে। শীঘ্রই এই বিষয়ে প্রয়োজনীয় পদক্ষেপ করা হবে।

# বিবাহ-বহির্ভূত সম্পর্কের জেরে নিজের ছেলেকে খুন, গ্রেপ্তার মা



**নিজস্ব প্রতিবেদন, শাসন:** বিবাহবহির্ভূত সম্পর্কের জেরে নিজের অসুস্থ ২ বছর ৪ মাসের ছেলেকে খুনের অভিযোগে অভিযুক্ত মাকে গ্রেপ্তার করল শাসন থানার পুলিশ। মৃত শিশুর বাবার অভিযোগের ভিত্তিতে অভিযুক্তকে গ্রেপ্তার করেছে পুলিশ। পুলিশ জানিয়েছে, ধৃতের নাম মিতা হালদার(২৮)। ধৃতকে জেরা করে নিজের সন্তানকে খুনের সম্ভাব্য কারণ জানতে চাইছে শাসন থানার পুলিশ। পুলিশ সূত্রে জানা গেছে,ধৃত মিতা হালদারের বাড়ি হুগলি জেলায়। কয়েক বছর আগে হুগলির ভদ্রেশ্বরে তাঁর বিয়ে হয়েছিল অভিজিৎ হালদারের। তাদের একটি ছেলেও আছে। ছেলে অরিজিতের বয়স মাত্র ২ বছর ৪ মাস। ফেসবুকের মাধ্যমে মিতার সঙ্গে আলাপ হয়েছিল শাসনের এক যুবকের। সেই আলাপ পরবর্তীতে প্রেমে পরিণত হয়। বিবাহবহির্ভূত প্রেমের টানেই মিতা ঘর ছেড়ে দুই সপ্তাহ আগে প্রেমিকের সঙ্গে চলে গিয়েছিল শাসনের তেহাটা গ্রামে। সোমবার সকালে মিতা প্রতিবেশীদের জানায়, তাঁর ২ বছর ৪ মাসের ছেলে বাড়ির পাশের একটি জলাশয়ে পড়ে গিয়ে মারা যায়। বিষয়টি জানার পরেই মৃত শিশুর বাবা ভদ্রেশ্বর থেকে এসে শাসন থানায় খুনের অভিযোগ দায়ের করেন মিতা হালদারের বিরুদ্ধে। অভিজিতের দাবি, ছেলেকে পুকুরের জলে ফেলে দিয়ে মিতা খুন করেছে। অভিযোগের ভিত্তিতে তদন্ত চালিয়ে সোমবার রাতেই অভিযুক্ত মিতা হালদারকে নিজের সন্তানকে খুনের অভিযোগে গ্রেপ্তার করে শাসন থানার পুলিশ। পুলিশ জানিয়েছে, কি কারণে নিজের ছেলেকে খুন করল মিতা সেটা জানার চেষ্টা করা হচ্ছে। ছেলেকে খুনের পিছনে বিবাহবহির্ভূত সম্পর্কের কোনও কারণ রয়েছে কি না, তাও খতিয়ে দেখা হচ্ছে। ধৃতের প্রেমিককেও জিজ্ঞাসাবাদ করছে শাসন থানার পুলিশ। তবে অভিযুক্ত মায়ের দাবি, তার ছেলে অসুস্থ ছিল।

# মাহেশের রথে সর্বস্তরের ব্যবস্থা নিচ্ছে প্রশাসন-মন্দির কর্তৃপক্ষ

**নিজস্ব প্রতিবেদন, হুগলি:** শ্রীরামপুরে মাহেশ জগন্নাথ মন্দির থেকে মাসির বাড়ি যাওয়া পর্যন্ত যে পথ রয়েছে সেই পথে যাতে রথ চলাচল করতে কোনও রকম অসুবিধা না হয় তার জন্য সর্বস্তরের ব্যবস্থা নিচ্ছে প্রশাসন ও মন্দির কর্তৃপক্ষ।

কয়েকদিন পরেই আসছে রথযাত্রা উৎসব। পুরীর পর দ্বিতীয় বৃহত্তম রথযাত্রা উৎসব হয় শ্রীরামপুরের মাহেশে। রথের দিনে যাতে কোনও রকম অপ্রীতিকর পরিস্থিতি না হয় তার জন্য আগে থাকতে আঁটোসাঁটো ব্যবস্থা নিচ্ছে প্রশাসন। ৬২৯ বছরের প্রাচীন হুগলির শ্রীরামপুর মাহেশের রথযাত্রা, রথের দড়িতে টান পড়তে আর কিছু দিনের অপেক্ষা মাত্র। মাহেশের রথকে কেন্দ্র করে উৎসবের মেজাজ শ্রীরামপুরে। লক্ষ লক্ষ দর্শনার্থীর সমাগম হয় এই সময়। মাহেশের স্নানপিড়ির মাঠ থেকে জগন্নাথ দেবের মাসির বাড়ি যাওয়া পর্যন্ত পুলিশি আয়োজন থেকে বিভিন্ন সর্তকতামূলক ব্যবস্থা অবলম্বন করতে হয়।

প্রতি বছরের ন্যায় এ বছরও যাতে সুস্থ ভাবে রথযাত্রা সম্পন্ন হয় তার জন্য আগেভাগেই বিশেষ পরিদর্শন করলেন পুলিশ প্রশাসন থেকে শুরু করে বিদ্যুৎ দপ্তর, দমকল আধিকারিক আরও বিভিন্ন দপ্তর। মাসির বাড়ি পর্যন্ত রথ নিয়ে যেতে যাতে কোনও বাধা পেতে না হয় তার জন্য আগেভাগেই রাস্তা দু'ধারে গাছ ও যে সমস্ত দোকান রাস্তার ঊপরে উঠে পড়েছে তা সরানোর ব্যবস্থা করা হবে।

এ বিষয়ে মন্দির কমিটির সম্পাদক পিয়াল অধিকারী জানান, রথ টানার সময় যাতে কোনও বাধা না আসে, তাই দেখা হচ্ছে। রাস্তার দু'ধারে কিছু গাছের ডাল রয়েছে তার সেগুলি কাটতে হবে। ফুটপাত দখল করে থাকার দোকান সরাতে হবে। বিদ্যুৎ পরিবহণের তার সুষ্ঠু ভাবে রাখতে হবে। এই সমস্ত বিষয়গুলি দেখা হয়েছে। পরে আবারও প্রশাসন থেকে সতর্কতামূলক পরিদর্শন করবে।

# নাবালিকাকে ধর্ষণ-খুন, মাটিতে পোঁতার চেষ্টা, হাতেনাতে ধরে যুবককে মার, মৃত্যু অভিযুক্তের


**নিজস্ব প্রতিবেদন, বাঁকুড়া:** প্রতিবেশী নাবালিকাকে ধর্ষণের পর শ্বাসরোধ করে খুন করে মদ্যপ যুবক প্রমাণ লোপাট করতে মাটিতে পুঁতে ফেলার চেষ্টা করেছিল বলে অভিযোগ। কিন্তু শেষরক্ষা হল না। গ্রামবাসীরাই যুবককে ধরে গণপিটুনি দেন। গণপিটুনিতে পরে মৃত্যু হয় অভিযুক্ত যুবকের। বাঁকুড়ার পাত্রসায়ের থানা এলাকার ঘটনাকে ঘিরে তুমুল চাঞ্চল্য ছড়িয়েছে এলাকা জুড়ে।

স্থানীয় সূত্রে জানা গিয়েছে, মঙ্গলবার বিকেলে পাত্রসায়ের থানা এলাকার একটি গ্রামে বছর দশেকের প্রতিবেশী এক নাবালিকাকে সঙ্গে করে লালুপ্রসাদ লোহার নামের স্থানীয় এক যুবককে গ্রামের রাস্তায় যেতে দেখেন স্থানীয়রা। তারপর থেকে ওই নাবালিকার কোনও খোঁজ পাচ্ছিলেন না পরিবারের লোকজন। সন্ধ্যার মুখে স্থানীয়দের কাছ থেকে জেনে ওই যুবককে চেপে ধরেন নাবালিকার পরিবারের লোকজন। সন্দেহ হওয়ায় ওই যুবককে ধরে জিজ্ঞাসাবাদ শুরু করেন স্থানীয়রা।

যুবকের অসংলগ্ন কথায় স্থানীয়রা একপ্রকার নিশ্চিত হন ওই নাবালিকাকে শ্বাসরোধ করে খুন করে প্রমাণ লোপাটের জন্য মাটিতে পুঁতে ফেলার চেষ্টা চালাচ্ছিলেন ওই যুবক। যুবকের দেখানো জায়গায় সদ্য খোঁড়া একটি গর্ত এবং তার পাশেই একটি কোদাল দেখতে পান স্থানীয়রা। অদূরেই পড়েছিল নাবালিকার বিবস্ত্র দেহ। এরপরই স্থানীয়রা অভিযুক্ত ওই যুবকের ওপর চড়াও হয়ে মারধর করতে শুরু করে। খবর পেয়ে পাত্রসায়ের থানার পুলিশ ঘটনাস্থলে পৌঁছে গুরুতর আহত অবস্থায় যুবককে উদ্ধার করে বিষ্ণুপুর সুপার স্পেশালিটি হাসপাতালে নিয়ে যায়। সেখানেই চিকিৎসারত অবস্থায় লালুপ্রসাদ লোহার নামের ওই যুবকের মৃত্যু হয়। এই ঘটনাকে ঘিরে তুমুল উত্তেজনা ছড়িয়ে পড়ে পাত্রসায়ের থানার ওই গ্রামে। নাবালিকার দেহ উদ্ধারের পাশাপাশি এলাকায় উত্তেজনা থাকায় গ্রামে মোতায়েন করা হয় পুলিশ বাহিনী।

নাবালিকার পরিবারের দাবি, নাবালিকাকে ধর্ষণ করে তাকে খুন করে প্রমাণ লোপাটের চেষ্টা করেছিল অভিযুক্ত যুবক লালু প্রসাদ লোহার। পুলিশ গোটা ঘটনার তদন্ত শুরু করেছে। ময়না তদন্তের জন্য আজ নাবালিকা ও অভিযুক্ত যুবকের দেহ বিষ্ণুপুর জেলা হাসপাতালে পাঠাচ্ছে পুলিশ। পুলিশ জানিয়েছে নাবালিকার পরিবারের লিখিত অভিযোগের ভিত্তিতে নাবালিকাকে যৌননিগ্রহ ও খুনের মামলা রুজু করা হয়েছে।

# গেট নির্মাণে দেরি, বানভাসি হওয়ার আশঙ্কা দাসপুরে



**নিজস্ব প্রতিবেদন, পশ্চিম মেদিনীপুর:** বর্ষার শুরুতে মঙ্গলবার রাত থেকে মুষলধারে বৃষ্টি শুরু হওয়ায় আতঙ্কে দাসপুর। কাঁসাই ও শিলাবতী নদীতে স্লুইসগেট নির্মাণ অসম্পূর্ণ থাকায় বানভাসি হওয়ার আতঙ্কে সিঁটিয়ে রয়েছেন দাসপুর ১ নম্বর ব্লকের রাজনগর গ্রাম পঞ্চায়েত এলাকার বাসিন্দারা। শিলাবতী নদীর রাজনগর গঙ্গাতলার কাছে প্রায় ১৫ বছর ধরে ভাঙা অবস্থায় পড়ে রয়েছে নদীবাঁধ। এই অংশ দিয়েই রাজনগর ও নাড়াজোল গ্রাম পঞ্চায়েতের প্রায় ২৫ টি মৌজার বন্যার জল নিকাশ হয়। রামদেবপুর এলাকার কাঁসাই বা শিলাবতী নদীতে গিয়ে পড়ে সেই জল। বছরের পর বছর এভাবেই চলে আসছিল। বাঁধের ভাঙা অংশ দিয়ে জল বেরিয়ে যাওয়ায় বন্যার কোনও সম্ভাবনা দেখা দিত না। সম্প্রতি ঘাটাল মাস্টার প্লেনের অন্তর্গত ভাঙা বাঁধের এই অংশে স্লুইসগেট নির্মাণের কাজ শুরু হওয়ায় প্রথম দিকে বেশ খুশি ছিলেন এলাকাবাসী। কিন্তু বর্তমানে তাদের অভিযোগ, গেটের যে মুখ দিয়ে জল নিষ্কাশন হবে সেই গেটের মুখ যথেষ্ট ছোট। বিপুল পরিমাণ জলের চাপ সহ্য করতে পারবে না এই নির্মাণ। তার উপর বর্ষা নামল, কাজ এখনও অসম্পূর্ণ। তবে, দাসপুর ১ পঞ্চায়েত সমিতির সভাপতি সুকুমার পাত্রের আশ্বাস চিন্তার কোনও কারণ কিছু নেই। স্লুইসগেটের মুখ দৈর্ঘ্য প্রস্থ উচ্চতা যা আছে তাতে বন্যা বা বর্ষার সব জল দ্রুতই নিকাশ হবে। আর বর্ষার আগেই কাজ শেষ হবে। ঠিকাদারদের তেমনই নির্দেশ দেওয়া হয়েছে।

# জলের তোড়ে ভাসল বাঁশের সেতু



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** দামোদর নদে জলের তোড়ে ভেসে গেল কাঁকসার সিলামপুর থেকে বাঁকুড়া যাওয়ার বাঁশের তৈরি ব্রিজ। যার জেরে বিচ্ছিন্ন পশ্চিম বর্ধমান থেকে বাঁকুড়ার যোগাযোগ। দক্ষিণবঙ্গে ইতিমধ্যে বর্ষার আগমন। একই সঙ্গে ঝাড়খণ্ডেও বৃষ্টি শুরু হয়েছে।

বৃষ্টির ফলে সমস্ত নদনদীতেও জলস্তর বাড়তে শুরু করেছে। জল বেড়েছে দামোদর নদেও।দুর্গাপুর ব্যারাজ থেকে জল ছাড়ার ফলে জল বাড়ে দামোদর নদে। এরই ফলে জলের তোড়ে ভেসে যায় কাঁকসার সিলামপুর সংলগ্ন বাঁশের তৈরি ব্রিজটি। ফলে আপাতত পশ্চিম বর্ধমান থেকে বাঁকুড়া যাওয়ার যোগাযোগ বন্ধ রয়েছে। তবে শীঘ্রই নৌকোয় করে যাতায়াত শুরু হবে বলে জানা গিয়েছে। দামোদরের মাঝে যে সমস্ত গ্রাম রয়েছে সেই সমস্ত গ্রামের মানুষদের সঙ্গে বর্ধমান ও বাঁকুড়া জেলার সঙ্গে সমস্ত যোগাযোগ বিচ্ছিন্ন হয়ে গিয়েছে বলে জানা গিয়েছে।

# পানাগড় অমৃত ভারত রেল স্টেশনের রাস্তা বেহাল



**নিজস্ব প্রতিবেদন, কাঁকসা:** যখন রেল দপ্তর দাবি করছে, তারা যাত্রীদের জন্য সবরকম সুবিধার আয়োজন করে রেখেছে, তখন সেই স্টেশনে ঢোকার রাস্তা পুরোটাই প্রায় জলমগ্ন। কোথাও কোথাও এতটাই বড় গর্ত যে যাত্রীদের ছাড়তে এসে বাইক নিয়ে যাত্রী সহ সেই জলেই পড়ছেন পরিবারের সদস্যরা। বিপদজনক হয়ে উঠেছে টোটোচালকদের ক্ষেত্রেও। স্থানীয় বাসিন্দা থেকে যাত্রীদের অভিযোগ, যদি জল পার করে স্টেশনে ঢুকতে হয় তা হলে কীসের এত ব্যবস্থা। গোটা রাস্তা বেহাল হয়ে পড়ে থাকার পাশাপাশি বেশ কয়েক জায়গায় জলাশয় সৃষ্টি হয়ে গিয়েছে। সেই জল নিষ্কাশনের কোনও রকম উদ্যোগ নেই রেল দপ্তরের বলে অভিযোগ।

জানা গিয়েছে, পানাগড় স্টেশন লাগোয়া যে রাস্তাটি রয়েছে সেটি রেল দফতরের অধীনে রয়েছে। সেই রাস্তা দিয়েই প্রতিদিন কয়েকশো বালিবোঝাই ডাম্পার ও লরি পারাপার করে। নিত্যদিন ভারী যান চলাচল করার ফলে রাস্তাটি বেহাল হয়ে পড়েছে। কোথাও কোথাও বড় বড় গর্তের সৃষ্টি হয়েছে। আর তার ওপর বৃষ্টি হলেই সেই গর্তে জল জমে আরও বিপদজনক হয়ে উঠেছে যাত্রীদের জন্য। যাকে নিয়ে রেলের কোনও মাথাব্যথা নেই।

পশ্চিম বর্ধমান জেলা পরিষদের সদস্য সমীর বিশ্বাস জানিয়েছেন, রেল দপ্তর পানাগড় স্টেশনকে অমৃত ভারত স্টেশন করেছে সেটা খুব ভালো কথা। কিন্তু মানুষ সেই স্টেশনে পৌঁছতে গিয়েই বিপাকে পড়ছেন। ওই রাস্তা দিয়ে রেলযাত্রীরা ছাড়াও বহু মানুষ যাতায়াত করেন, যাঁরা নিত্যদিন সমস্যায় পড়েছেন। আরও ভয়ানক হয়ে গিয়েছে ওই রাস্তা দিয়ে বালিবোঝাই ভারী যানবহন চলাচলের জন্য। যদিও ঘনঘন আসানসোল ডিভিশনের ডিআরএম পানাগড় স্টেশনে পরিদর্শনে আসলেও, রেলের পানাগড়ের আধিকারিকরা তাঁকে এই রাস্তা কেন দেখান না সেটা নিয়েই প্রশ্ন তার মনে। বিষয়টা নিয়ে যথেষ্ট ধোঁয়াশা রয়েছে বলে তাঁর দাবি।

তিনি বলেন, স্টেশনের উত্তর দিক হোক বা দক্ষিণ দিক সব দিকে যাত্রীদের জন্য স্টেশনে প্রবেশের রাস্তাগুলি ঠিকঠাক থাকলে কোনও দুর্ঘটনা ঘটে না। মাঝে মধ্যেই রাস্তা মেরামত হয় দেখা যায়। কিন্তু ফের কয়েকদিনের মধ্যেই আবার বেহাল হয়ে পড়ে। রাস্তা তৈরির জন্য যে সামগ্রী ব্যবহার হয় সেগুলি সম্ভবত নির্মাণের থাকে বলে তার অনুমান। যার কারণেই সম্ভবত ডিআরএমকে এই রাস্তা পানাগড়ের আধিকারিকরা দেখান না।

THIS IS A PUBLIC ANNOUNCEMENT FOR INFORMATION PURPOSES ONLY AND IS NOT A PROSPECTUS ANNOUNCEMENT. THIS DOES NOT CONSTITUTE AN INVITATION OR OFFER TO ACQUIRE, PURCHASE OR SUBSCRIBE TO SECURITIES. THIS PUBLIC ANNOUNCEMENT IS NOT INTENDED FOR PUBLICATION OR DISTRIBUTION, DIRECTLY OR INDIRECTLY OUTSIDE INDIA.

Mineral Group

# MONOLITHISCH INDIA LIMITED

**CIN:** U26999WB2018PLC227534

Our Company was originally incorporated as "Monolithisch India Private Limited" with effect from August 29, 2018 as a Private limited company under the Companies Act, 2013, pursuant to a certificate of incorporation dated August 30, 2018 issued by the Deputy Registrar of Companies, Central Registration Centre bearing CIN U26999WB2018PTC227534. Pursuant to a special resolution passed by our Shareholders in the Extra-Ordinary General Meeting held on September 30, 2024, our Company was converted from a private limited company to public limited company and consequently the name of our Company was changed to "Monolithisch India Limited", and a fresh certificate of incorporation dated November 21, 2024 was issued to our Company by the Registrar of Companies, Central Processing Centre. The CIN of the Company is U26999WB2018PLC227534.

**Registered Office:** Plot No. 381, Village: - Utaraha, P.S. Neturia Purulia, West Bengal 723121 India.
**Corporate Office -** Cosy Corner, Burdwan, Compound Lalpur, Ranchi GPO, Ranchi, Jharkhand India - 834001
**Tel No:**+91-9155330164; **E-mail:** info@monolithischindia.in; **Website:** www.monolithisch.com;
**Contact Person:** Deepa Vijay Agrawal, Company Secretary & Compliance Officer

## OUR PROMOTERS: PRABHAT TEKRIWAL, SHARMILA TEKRIWAL, HARSH TEKRIWAL, KRITISH TEKRIWAL AND KARGIL TRANSPORT PRIVATE LIMITED

**"THE ISSUE IS BEING MADE IN ACCORDANCE WITH CHAPTER IX OF THE SEBI ICDR REGULATIONS (IPO OF SMALL AND MEDIUM ENTERPRISES) AND THE EQUITY SHARES ARE PROPOSED TO BE LISTED ON SME PLATFORM OF NSE (NSE EMERGE)."**

We are engaged in the business of manufacturing and supply of specialized ramming mass used as a heat insulation/ lining material, by our customers as a refractory consumable for Induction furnaces installed in iron/steel and foundry plants. We are also engaged in the trading of our products on occasional basis to meet the excess and urgent requirement by our customers. The major customers of our company are iron and steel producers located in Eastern parts of India, majorly in the states of West Bengal, Jharkhand & Odisha.

# BASIS OF ALLOTMENT

**INITIAL PUBLIC OFFER OF UPTO 57,36,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹10/- EACH (THE "EQUITY SHARES") OF MONOLITHISCH INDIA LIMITED ("OUR COMPANY" OR "THE ISSUER") AT AN ISSUE PRICE OF ₹ 143/- PER EQUITY SHARE (INCLUDING SHARE PREMIUM OF ₹ 133/- PER EQUITY SHARE) FOR CASH, AGGREGATING UP TO ₹ 8202.48 LAKHS ("PUBLIC ISSUE") OUT OF WHICH 2,88,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹10 EACH, AT AN ISSUE PRICE OF ₹ 143/- PER EQUITY SHARE FOR CASH, AGGREGATING ₹ 411.84 LAKHS WILL BE RESERVED FOR SUBSCRIPTION BY THE MARKET MAKER TO THE ISSUE (THE "MARKET MAKER RESERVATION PORTION"). THE PUBLIC ISSUE LESS MARKET MAKER RESERVATION PORTION I.E. ISSUE OF 54,48,000 EQUITY SHARES OF FACE VALUE OF ₹10 EACH, AT AN ISSUE PRICE OF ₹ 143/- PER EQUITY SHARE FOR CASH, AGGREGATING UPTO ₹ 7790.64 LAKHS IS HEREIN AFTER REFERRED TO AS THE "NET ISSUE". THE PUBLIC ISSUE AND NET ISSUE WILL CONSTITUTE 26.39% AND 25.06% RESPECTIVELY OF THE POST- ISSUE PAID-UP EQUITY SHARE CAPITAL OF OUR COMPANY.**

**THE FACE VALUE OF THE EQUITY SHARE IS RS.10 AND ISSUE PRICE IS RS. 143 EACH. THE ISSUE PRICE IS 14.3 TIMES OF THE FACE VALUE OF THE EQUITY SHARE**
**ANCHOR INVESTOR ISSUE PRICE: RS. 143 PER EQUITY SHARE. THE ISSUE PRICE IS 14.3 TIMES OF THE FACE VALUE**

## BID/ ISSUE PERIOD

**ANCHOR INVESTOR BIDDING DATE WAS: WEDNESDAY, JUNE 11, 2025**
**BID / ISSUE OPENED ON: THURSDAY, JUNE 12, 2025**
**BID / ISSUE CLOSED ON: MONDAY, JUNE 16, 2025**

## RISKS TO INVESTORS:

a) Conflicts of interests may arise with one of our Group Company i.e. Mineral India Global Private Limited.
b) We depend on certain key suppliers to procure a significant portion of our raw materials. We do not enter into long-term agreements with these suppliers and any denial of supplies or loss of the relationship with them could result in disruption in our operations, which could have an adverse effect on our business, financial condition, results of operations and cash flows.
c) We depend on a limited number of customers for our revenue from operations, the loss of any of these customers individually or severally could have a material adverse effect on our business, operations and could have impacted our financial strength.
d) Our operations are subject to various hazards and could expose us to the risk of liabilities, loss of revenue and increased expenses, suspension of operations and/or the imposition of civil or criminal liabilities which could adversely affect business, results of operations, cash flow and financial condition.
e) If our plant faces outage due to failure of machinery or any slowdown or shutdown in our manufacturing operations or underutilization of our manufacturing facility could impact our production and ultimately can impact our financial condition, business operations and cash flows.
f) Our long-term growth and competitiveness are dependent on our ability to control costs and pass on any increase in operating expenses to customers, while continuing to offer competitive pricing.
g) We have experienced significant growth in the past few years, and if we are unable to sustain or manage our growth, our business, results of operations and financial condition may be adversely affected.
h) We rely on third-party transportation providers for both procurements of our raw materials and distribution of our products. Any failures by any of our transportation providers to deliver our raw materials or our products on time, or in good condition, or at all, may adversely affect our business, financial condition and results of operations.
i) Our Company is currently a regional player and derives substantial revenue from West Bengal, Odisha and Jharkhand and hence faces geographical concentration related risks.
j) Our directors have no prior experience in managing a listed company, which may pose challenges in complying with regulatory requirements.
k) The Merchant Banker associated with the Issue has handled 62 public issues in the past three years out of which 2 SME Issue closed below the Issue Price on listing date.

| Name of BRLM | Total Issue | | Issue closed below IPO Price on listing date |
|---|---|---|---|
| | Mainboard | SME | |
| Hem Securities Limited | 2 | 60 | 2 (SME) |

l) Average cost of acquisition of Equity Shares held by the Individual Promoters is

| Sr. No. | Name of the Promoters | No. of Shares held | Average cost of Acquisition (in ₹) |
|---|---|---|---|
| 1. | Prabhat Tekriwal | 20,79,960 | 13.75 |
| 2. | Sharmila Tekriwal | 8 | 1.25 |
| 3. | Harsh Tekriwal | 8 | 1.25 |
| 4. | Kargil Transport Private Limited | 1,39,20,000 | 0.82 |
| 5. | Kritish Tekriwal | 8 | 13.75 |

and the Issue Price at the upper end of the Price Band is Rs. 143 per Equity Share.
m) The Price/ Earnings ratio based on Diluted EPS for Fiscal 2025 for the company at the upper end of the Price Band is 15.70 times.
n) Weighted Average Return on Net worth for Fiscals 2025, 2024 and 2023 is 43.47%.
o) Weighted average cost of acquisition of all the shares transacted in the three years, 18 months and one year preceding the date of the Prospectus-

| Period | Weighted Average Cost of Acquisition (in Rs.) | Upper End of the Price Band is 'X' times the WACA | Range of acquisition price: Lowest Price – Highest Price (in Rs.) |
|---|---|---|---|
| Last one year, 18 months & three years preceding the date of the Red Herring Prospectus | 2.01 | 71.14 | 0-110 |

Range of acquisition is excluding the shares issued through Bonus and acquired gifts. However, acquisition price per share acquired prior to Bonus issuance have been adjusted for the impact of Bonus Issue.

p) Weighted average cost of acquisition, floor price and cap price

| Types of transactions | Weighted average cost of acquisition (₹ per Equity Shares) | Floor price (i.e. ₹ 135) | Cap price (i.e. ₹ 143) |
|---|---|---|---|
| Weighted average cost of acquisition of primary / new issue as per paragraph 8(a) above. | 13.75 | 9.82 times | 10.4 times |
| Weighted average cost of acquisition for secondary sale / acquisition as per paragraph 8(b) above. | NA^ | NA^ | NA^ |
| Weighted average cost of acquisition for past 5 primary issuances/ secondary transaction as disclosed above | NA | NA | NA |

*Note:^There were no secondary sales / acquisition of shares of shares (equity/ convertible securities) other than Shares transfer on in last 18 months from the date of this Prospectus.*

## PROPOSED LISTING: THURSDAY, JUNE 19, 2025*

The Issue was being made through the Book Building Process, in terms of Rule 19(2)(b)(i) of the Securities Contracts (Regulation) Rules, 1957, as amended ("SCRR") read with Regulation 253 of the SEBI ICDR Regulations, as amended, wherein not more than 50% of the Net Issue was available for allocation on a proportionate basis to Qualified Institutional Buyers ("QIBs", the "QIB Portion"), Our Company in consultation with the Book Running Lead Manager has allocated upto 60% of the QIB Portion to Anchor Investors on a discretionary basis in accordance with the SEBI ICDR Regulations ("Anchor Investor Portion"). Further, not less than 15% of the Net Issue shall be available for allocation on a proportionate basis to Non-Institutional Bidders and not less than 35% of the Net Issue was made available for allocation to Retail Individual Bidders in accordance with the SEBI (ICDR) Regulations, subject to valid Bids being received at or above the Issue Price. All potential Bidders (except Anchor Investors) were required to mandatorily utilise the Application Supported by Blocked Amount ("ASBA") process providing details of their respective ASBA accounts, and UPI ID in case of RIBs using the UPI Mechanism, if applicable, in which the corresponding Bid Amounts will be blocked by the SCSBs or by the Sponsor Bank under the UPI Mechanism, as the case may be, to the extent of respective Bid Amounts. Anchor Investors were not permitted to participate in the Issue through the ASBA process. For details, see ***"Issue Procedure"*** beginning on page 252 of the Prospectus.

The investors are advised to refer to the Prospectus for the full text of the Disclaimer clause pertaining to NSE. For the purpose of this Issue, the designated Stock Exchange will be the National Stock Exchange of India Limited. The trading is proposed to be commenced on **Thursday, June 19, 2025***

**Subject to the receipt of listing and trading approval from the NSE (**"NSE Emerge"**).*

## SUBSCRIPTION DETAILS

The bidding for Anchor Investors opened and closed on Wednesday, June 11, 2025. The Company received 11 Anchor Investors applications for 20,53,000 Equity Shares. The Anchor Investor Allocation price was finalized at ₹143/- per Equity Share. A total of 16,33,000 Equity Shares were allotted under the Anchor Investors portion aggregating to Rs. 23,35,19,000/-.

The Issue (excluding Anchor Investors Portion) received 1,97,439 Applications for 700,83,7000 Equity Shares (after considering invalid bids, Other than RC10 Transaction declined by Investors, RC10 Mandate not accepted by Investors and Withdrawal/ Cancelled Bids reported by SCSB) resulting 170.81 times subscription (including reserved portion of market maker and excluding anchor investor portion). The details of the Applications received in the Issue from various categories are as under (before rejections):

**Detail of the Applications Received (excluding Anchor Investors Portion):**

| Sr. No. | Category | Number of Applications* | No. of Equity Shares applied | Equity Shares Reserved as per Prospectus | No. of times Subscribed | Amount (Rs.) |
|---|---|---|---|---|---|---|
| 1. | Qualified Institutional Buyers (excluding Anchor Investors) | 81 | 14,08,19,000 | 10,90,000 | 129.19 | 2,01,37,11,7000 |
| 2. | Non-Institutional Bidders | 15,741 | 37,81,14,000 | 8,18,000 | 462.24 | 5,40,69,17,0000 |
| 3. | Retail Individual Investors | 1,81,616 | 18,16,16,000 | 19,07,000 | 95.24 | 2,59,69,20,7000 |
| 4. | Market Maker | 1 | 2,88,000 | 2,88,000 | 1.00 | 4,11,84,000 |
| | TOTAL | **1,97,439** | **70,08,37,000** | **41,03,000** | **170.81** | **10,02,16,67,8000** |

**** This includes 157 applications for 157,000 Equity Shares aggregating to Rs. 22,427,000 from Retail Individual which were not in bid book but which were banked.***

**Final Demand:**
A summary of the final demand as per NSE as on the Bid/ Issue Closing Date at different Bid prices is as under:

| Sr. No. | Bid Price | Bids Quantity | % of Total | Cumulative Total | % Cumulative Total |
|---|---|---|---|---|---|
| 1 | 135.00 | 4,34,000 | 0.06 | 4,34,000 | 0.06% |
| 2 | 136.00 | 33,000 | 0.00 | 4,67,000 | 0.06% |
| 3 | 137.00 | 17,000 | 0.00 | 4,84,000 | 0.07% |
| 4 | 138.00 | 24,000 | 0.00 | 5,08,000 | 0.07% |
| 5 | 139.00 | 26,000 | 0.00 | 5,34,000 | 0.07% |
| 6 | 140.00 | 1,27,000 | 0.02 | 6,61,000 | 0.09% |
| 7 | 141.00 | 1,05,000 | 0.01 | 7,66,000 | 0.10% |
| 8 | 142.00 | 1,51,000 | 0.02 | 9,17,000 | 0.12% |
| 9 | 143.00 | 61,51,21,000 | 83.35 | 61,60,38,000 | 83.48% |
| 10 | CUT OFF | 12,19,26,000 | 16.52 | 73,79,64,000 | 100.00% |
| | **Total** | **73,79,64,000** | **100.00** | | |

The Basis of Allotment was finalized in consultation with the designated Stock Exchange, being National Stock Exchange of India Limited ("NSE Emerge") on June 17, 2025.

**1) Allotment to Retail Individual Investors (After Rejections):**

The Basis of Allotment to the Retail Individual Investors, who have Bid at cut-off Price or at or above the Issue Price of ₹143 per Equity Share, was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 92.37 times. The total number of Equity Shares Allotted in this category is 19,07,000 Equity Shares to 1907 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under:

| No. of Shares Applied for (Category wise) | No. of Applications Received | % of Total | Total No. of Shares Applied | % to Total | No. of Equity Shares Allotted per Applicant | Ratio | Total No. of shares allocated/ allotted |
|---|---|---|---|---|---|---|---|
| 1000 | 176145 | 100 | 176145000 | 100 | 1000 | 68:6281 | 19,07,000 |

**2) Allotment to Non-Institutional Investors (After Rejections):**

The Basis of Allotment to the Non-Institutional Investors, who have bid at the Issue Price of ₹143 per Equity Share was finalized in consultation with NSE. The category has been subscribed to the extent of 459.59 times (after rejection). The total number of Equity Shares Allotted in this category is 8,18,000 Equity Shares to 680 successful applicants. The details of the Basis of Allotment of the said category are as under (Sample):

| No. of Shares applied for (Category wise) | Number of applications received | % to total | Total No. of Shares applied in each category | % to total | No of equity shares Allocation per Applicant | Ration of allottees to applicants | Total No. of shares allocated/ alloted |
|---|---|---|---|---|---|---|---|
| 2000 | 5550 | 35.77 | 11100000 | 2.95 | 1000 | 5550 | 24000 |
| 3000 | 1109 | 7.15 | 3327000 | 0.88 | 1000 | 1109 | 7000 |
| 4000 | 337 | 2.17 | 1348000 | 0.36 | 1000 | 337 | 3000 |
| 26000 | 26 | 0.17 | 676000 | 0.18 | 1000 | 26 | 1000 |
| 48000 | 19 | 0.12 | 912000 | 0.24 | 1000 | 19 | 2000 |
| 70000 | 87 | 0.56 | 6090000 | 1.62 | 1000 | 87 | 13000 |
| 94000 | 1 | 0.01 | 94000 | 0.03 | 1000 | 1 | 0 |
| 120000 | 11 | 0.07 | 1320000 | 0.35 | 1000 | 11 | 3000 |
| 146000 | 1 | 0.01 | 146000 | 0.04 | 1000 | 1 | 0 |
| 179000 | 1 | 0.01 | 179000 | 0.05 | 1000 | 1 | 0 |
| 210000 | 3 | 0.02 | 630000 | 0.17 | 1000 | 3 | 1000 |
| 240000 | 3 | 0.02 | 720000 | 0.19 | 1000 | 3 | 2000 |
| 270000 | 1 | 0.01 | 270000 | 0.07 | 1000 | 1 | 1000 |
| 298000 | 1 | 0.01 | 298000 | 0.08 | 1000 | 1 | 1000 |
| 330000 | 2 | 0.01 | 660000 | 0.18 | 1000 | 2 | 1000 |
| 359000 | 2 | 0.01 | 718000 | 0.19 | 1000 | 1 | 2000 |
| 400000 | 2 | 0.01 | 800000 | 0.21 | 1000 | 1 | 2000 |
| 455000 | 1 | 0.01 | 455000 | 0.12 | 1000 | 1 | 1000 |
| 591000 | 1 | 0.01 | 591000 | 0.16 | 1000 | 1 | 1000 |
| 749000 | 1 | 0.01 | 749000 | 0.20 | 2000 | 1 | 2000 |
| 1100000 | 1 | 0.01 | 1100000 | 0.29 | 2000 | 1 | 2000 |
| 1849000 | 1 | 0.01 | 1849000 | 0.49 | 4000 | 1 | 4000 |
| 2693000 | 1 | 0.01 | 2693000 | 0.72 | 6000 | 1 | 6000 |
| 2699000 | 1 | 0.01 | 2699000 | 0.72 | 6000 | 1 | 6000 |
| 2725000 | 8 | 0.05 | 21800000 | 5.80 | 5000 | 1 | 40000 |

**Note : 1 Additional lot of 1000 shares have been allocated to Categories 590000, 693000,703000,760000, 2725000 in the ratio of 1:2, 1:2, 1:2, 1:2,7:8**

**3) Allotment to Market Maker:** The Basis of Allotment to Market Maker who have bid at Issue Price of ₹143/- per Equity Shares, was finalized in consultation with NSE. The category was subscribed by 1.00 times i.e. for 2,88,000 Equity shares the total number of shares allotted in this category is 2,88,000 Equity Shares. The category wise details of the Basis of Allotment are as under:

| No. of Shares Applied for (Category wise) | No. of Applications received | % to total | Total No. of Equity Shares applied in this Category | % of total | No. of Equity Shares allocated/ allotted per Applicant | Ratio | Total No. of shares allocated/allotted |
|---|---|---|---|---|---|---|---|
| 2,88,000 | 1 | 100.00 | 2,88,000 | 100.00 | 2,88,000 | 1:1 | 2,88,000 |

**4) Allotment to QIBs excluding Anchor Investors (After Rejections):**
Allotment to QIBs, who have bid at the Issue Price of ₹143/- per Equity Share has been done on a proportionate basis in consultation with NSE. This category has been subscribed to the extent of 129.19 times of QIB portion. The total number of Equity Shares allotted in the QIB category is 10,90,000 Equity Shares, which were allotted to 78 successful Applicants.

| Category | FI'S/BANK'S | MF'S | IC'S | NBFC'S | AIF | FPC/FII | Others | Total |
|---|---|---|---|---|---|---|---|---|
| QIB | 85,000 | - | 14,000 | 5,000 | - | 260,000 | 726,000 | **1,090,000** |

**5) Allotment to Anchor Investors (After Technical Rejections):**
The Company in consultation with the BRLM has allocated 16,33,000 Equity Shares to 11 Anchor Investors at the Anchor Investor Issue Price of 143 per Equity Shares in accordance with the SEBI (ICDR) Regulations. This represents upto 60% of the QIB Category.

| Category | FIS/BANKS | MF'S | IC'S | NBFC'S | AIF | FPI/FPC | Others | Total |
|---|---|---|---|---|---|---|---|---|
| **Anchor** | - | - | - | 210,000 | 420,000 | 1,003,000 | - | **1,633,000** |

The Board of Directors of our Company at its meeting held on June, 17, 2025 has taken on record the basis of allotment of Equity Shares approved by the designated Stock Exchange, being NSE and has allotted the Equity Shares to various successful applicants. The Allotment Advice Cum Refund Intimation will be dispatched to the address of the investors as registered with the depositories. Further, instructions to the SCSBs have been dispatched / mailed for unblocking of funds and transfer to the Public Issue Account on or before June 18, 2025. In case the same is not received within four working days, Investors may contact the Registrar to the Issue at the address given below. The Equity Shares allotted to the successful allottees shall be uploaded on June 18, 2025 for credit into the respective beneficiary accounts subject to validation of the account details with the depositories concerned. The Company is in the process of obtaining the listing and trading approval from NSE and the trading of the Equity Shares is expected to commence trading on Thursday, June 19, 2025.

**Note:** All capitalized terms used and not defined herein shall have the respective meanings assigned to them in the Prospectus dated June 17, 2025 filed with the Registrar of Companies, Kolkata, West Bengal, ("RoC").

*Continued on next page*

EKDIN, VOL. 19, ISSUE NO. 10, KOLKATA, THURSDAY, 19 JUNE 2025, PAGE 8

# আমেরিকায় বাজিমাত ম্যাড ম্যাক্সের! রেকর্ডে ছুঁলেন হিটম্যানকে



**নিজস্ব প্রতিবেদন:** আইপিএলে ছিলেন চূড়ান্ত ব্যর্থ। মাত্র ৭ ম্যাচে করেছিলেন ৪৮ রান, এরপর আঙুলের চোটে ছিটকে যান পাঞ্জাব কিংস থেকে। কিন্তু আমেরিকার মেজর লিগ ক্রিকেটে এসে যেন পুরনো রূপে ফিরলেন 'ম্যাড ম্যাক্স'। লস অ্যাঞ্জেলস নাইট রাইডার্সের বিরুদ্ধে মাত্র ৪৯ বলে ঝকঝকে সেঞ্চুরি করে রেকর্ড বইয়ে জায়গা করে নিলেন গ্লেন ম্যাক্সওয়েল। ওয়াশিংটন ফ্রিডমের হয়ে খেলতে নেমে প্রথম ১৫ বলে করেছিলেন মাত্র ১১ রান। তারপর গতি পাল্টে গেল ইনিংসের। পরের ৩৪ বলে করলেন ৯৫ রান, যার মধ্যে ছিল ১৩টি ছক্কা ও ২টি মাত্র চার। শেষ পর্যন্ত ১০৬ রানে থামেন ম্যাক্সওয়েল, যা তাঁর টি-টোয়েন্টি কেরিয়ারের অষ্টম শতরান। রোহিত শর্মা ও জস বাটলারও এত সেঞ্চুরি করেছেন। সবার ওপরে অবশ্য রয়েছেন ক্রিস গেইল;২২টি শতরানে। এছাড়াও, ম্যাক্সওয়েলই একমাত্র ক্রিকেটার যাঁর ঝুলিতে রয়েছে ১০,৫০০ রান, ১৭৯-এর বেশি উইকেট ও পাঁচটির বেশি সেঞ্চুরি;টি-টোয়েন্টি ক্রিকেটে এক অনন্য নজির। এই ঐতিহাসিক ইনিংসের সাক্ষী থাকলেন তাঁর মা-বাবাও। ম্যাচের শেষে অজি তারকা বলেন, মা-বাবা সচরাচর আমাকে রান করতে দেখেন না। আজ সেটা সম্ভব হওয়ায় দারুণ লাগছে। ওয়াশিংটনের ২০৮ রানের লক্ষ্যে খেলতে নেমে লস অ্যাঞ্জেলস নাইট রাইডার্স গুটিয়ে যায় মাত্র ৯৫ রানে। ১১৩ রানে জিতে নেয় ম্যাক্সওয়েলের দল।

# লিগের প্রস্তুতিতে ভূমিপুত্ররাই ভরসা ইউনাইটেড ও পাঠচক্রের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** আসন্ন কলকাতা লিগের প্রস্তুতি শুরু করে দিয়েছে ইউনাইটেড স্পোর্টস ক্লাব। এবারে কোচের দায়িত্বে ইউনাইটেডের ঘরের ছেলে লালকমল ভৌমিক। কল্যানী শিক্ষায়তনের মাঠে চলছে প্রস্তুতি। গ্রুপ বি -তে মহামেডান স্পোর্টিং এবং ডায়মন্ড হারবার এফসির সঙ্গে রয়েছে ইউনাইটেড। প্রতিপক্ষ দলগুলির বিরুদ্ধে কড়া টক্কর দিতে ছেলেদের তৈরি করছেন কোচ লালকমল ভৌমিক।

প্রথমে ট্রায়াল থেকেও কিছু ফুটবলার বেছে নেওয়া হয়। সন্তোষ ট্রফি জয়ী বাংলা দলের তিন সদস্য রুগুল কুদ্দুস পুরকাইত, আদিত্য থাপা ও গোলকিপার সৌরভ সামন্ত রয়েছেন। গত বছরও এই তিন খেলোয়াড় ইউনাইটেডে খেলেছিলেন। এছাড়াও দলে দীপেশ মুর্মু, অঙ্কন ভট্টাচার্যর মতো প্রতিভাবান ফুটবলাররা রয়েছেন। প্রস্তুতি নিয়ে কোচ লালকমল ভৌমিক বলেন, বেশিরভাগ জুনিয়র ছেলেরা রয়েছে, সিনিয়ররাও রয়েছে। আমাদের যুব দল থেকে কিছু খেলোয়াড় উঠে আসে, তারাও আছে। বাঙালি ও ভিন রাজ্যের খেলোয়াড় একসঙ্গে থাকলে লিগের মান বজায় থাকবে। ভালো ফল করার চেষ্টা করব।

একই মাঠে অনুশীলন করছে মামনি পাঠচক্রও। কলকাতা লিগে শেষ কয়েক বছর তেমন নজর কাড়তে পারেনি পাঠচক্র। ফলে এবার সুপার সিক্সে উঠতে মরিয়া তারা। কোচ পার্থ সেনের তত্ত্বাবধানে অনুশীলন করছে পাঠচক্র। গ্রুপ এ -তে পাঠচক্রের প্রতিপক্ষ দুই প্রধান ইস্টবেঙ্গল ও মোহনবাগান। ভূমিপুত্রদের উপরই ভরসা রাখছেন কোচ। ট্রায়াল থেকে কিছু ফুটবলার বেছে নেওয়া হয়েছে। সম্পূর্ণ নতুন দল নিয়ে এবারের লিগে নামবে পাঠচক্র। কোচ পার্থ সেনের কথায়, ক্ষ্মচেষ্টা করছি গরমে অনুশীলন করে পরিস্থিতির সঙ্গে মানিয়ে নিতে। বেশিরভাগ বাঙালি ছেলেরা রয়েছে দলে। শুধু মোহনবাগান-ইস্টবেঙ্গল নয়, সব দলের বিরুদ্ধে খেলাই চ্যালেঞ্জ আমাদের কাছে। ভালো ফলের আশা রাখছি।

# লড়েও তাজিকিস্তানের কাছে হার স্বীকার সুহেল-দীপেন্দুদের



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** তাজিকিস্তান প্রজাতন্ত্রের বিরুদ্ধে প্রস্তুতি ম্যাচে লড়াই করেও হার ভারতের অনুর্ধ্ব-২৩ জাতীয় দলের। তাজিকিস্তান অনুর্ধ্ব-২৩ দলের কাছে ২-৩ গোলের ব্যবধানে হারল দীপেন্দু-সুহেলরা। এএফসি অনূর্ধ্ব ২৩ এশিয়ান কাপ ২০২৬ -এর বাছাই পর্বের আগে প্রস্তুতি ম্যাচে নেমেছিল কোচ নওশাদ মুসার দল।

৩৪ মিনিটে নিকসনের ক্রস থেকে গোল করেন সুহেল ভাট। গোল করেই মোহনবাগানের সুহেল রোনাল্ডোর 'সিউ' সেলিব্রেশন করেন। দ্বিতীয়ার্ধের ৫৯ মিনিটে সমতা ফেরায় তাজিকিস্তানের আনসোর খাবিভব। ৮৫ মিনিটে পার্থিব গগোই বুদ্ধিমত্তার সঙ্গে গোল করে এগিয়ে দেন ভারতকে।ম্যাচের একেবারে শেষ মূহুর্তে পরপর দুটি গোল করে তাজিকিস্তান ভারতের জয়ের আশায় জল ঢেলে দেয়। আয়ুশ ছেত্রী লাল-কার্ড দেখায় ১০ জনে হয়ে যায় ভারতীয় দল। মহম্মদ ইকবাল দাভলাতোভ এবং মহম্মদ আদালি আজিজবোয়েভের দুই গোলে ম্যাচ জিতে নেয় তাজিকিস্তান। প্রতিপক্ষের জয়সূচক গোল ভারতের গোলকিপার প্রিয়াংশ দুবে ক্লিয়ার করতে ব্যর্থ। আগামী ২১ জুন অপর প্রস্তুতি ম্যাচে কিরগিজ প্রজাতন্ত্রের অনূর্ধ্ব-২৩ দলের মুখোমুখি হবে ভারত।

# 'চারে শুভমান, পাঁচে আমি', ভারতের ব্যাটিং অর্ডার নিয়ে আভাস দিলেন ঋষভ পন্থ

**নিজস্ব প্রতিবেদন:** ২০ জুন থেকে শুরু হচ্ছে ভারত-ইংল্যান্ড টেস্ট সিরিজ। পাঁচ ম্যাচের এই সিরিজ শুরুর আগে ভারতীয় দলের সহ-অধিনায়ক ঋষভ পন্থ জানিয়ে দিলেন, কে কোন পজিশনে ব্যাট করতে চলেছেন। তাঁর কথায়, চার নম্বরে ব্যাট করবেন শুভমান গিল, আর আমি নামব পাঁচ নম্বরে। তিন নম্বর জায়গাটা এখনও চূড়ান্ত হয়নি। তবে খুব শিগগিরই সিদ্ধান্ত নেওয়া হবে। পন্থের এই মন্তব্যের পর ক্রিকেট মহলে পরিষ্কার, টেস্ট ক্রিকেটে বিরাট কোহলির অবসরজনিত শূন্যস্থান পূরণ করতে চলেছেন শুভমান গিল। যেমন এক সময় শচীন তেণ্ডুলকরের অবসরের পর চার নম্বরে এসেছিলেন বিরাট, এবার সেখানেই খেলবেন গিল। তরুণ এই ব্যাটার কেরিয়ারের শুরুতে ওপেনার হিসেবে খেললেও পরবর্তীতে তাঁকে তিনে নামানো হয়। এবার তাঁকে এক ধাপ নিচে নামিয়ে দেওয়া হয়েছে চার নম্বরে, যা ভারতের ব্যাটিং অর্ডারে অত্যন্ত গুরুত্বপূর্ণ। তবে শুধু ব্যাটিং নয়, এই সিরিজে অধিনায়ক হিসেবেও নতুন দায়িত্ব পালন করতে চলেছেন গিল। প্রথমবার ভারতীয় টেস্ট দলের নেতৃত্ব দিতে চলেছেন তিনি, সেই চ্যালেঞ্জ যে সহজ নয়, তা মেনে নিচ্ছেন অনেকেই। প্রাক্তন ক্রিকেটার দীনেশ কার্তিক মন্তব্য করেন, গিল বুঝতেই পারছে না, ও কতটা কঠিন কাজের মুখোমুখি হচ্ছে। ইংল্যান্ডে খেলা মানেই সিংহের গুহায় ঢোকা। এই সিরিজে ভারতের ম্যাচগুলি হবে লিডস, এজবাস্টন, লর্ডস, ম্যাঞ্চেস্টার ও ওভালে। কঠিন এই সফরে নেতৃত্ব ও ব্যাটিংয়ের দ্বৈত চাপ সামলে শুভমান গিল সফল হতে পারেন কি না, সেটাই এখন বড় প্রশ্ন।



# আইসিসি মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপ ২০২৬ ভারতের সময়সূচি



**নিজস্ব প্রতিবেদন,** কলকাতা: আগামী বছর ইংল্যান্ডে অনুষ্ঠিত হতে যাওয়া আইসিসি মহিলা টি-টোয়েন্টি বিশ্বকাপের সূচি বুধবার ঘোষণা করা হয়েছে।

টুর্নামেন্টের প্রথম ম্যাচে ১২ জুন এজবাস্টনে শ্রীলঙ্কার মুখোমুখি হবে ইংল্যান্ড। এই বিশ্বকাপে প্রথমবারের মতো ১২টি দল অংশ নেবে।

ভারতের গ্রুপ ১-এ থাকছে চ্যাম্পিয়ন অস্ট্রেলিয়া, ২০২৪ সালের ফাইনালিস্ট দক্ষিণ আফ্রিকা, চিরপ্রতিদ্বন্দ্বী পাকিস্তান ও বাছাই পর্ব থেকে উঠে আসা একটি দল।

ভারত ১৪ থেকে ২৮ জুনের মধ্যে পাঁচটি লিগ পর্বের ম্যাচ খেলবে। ভারত শুরু করবে এজবাস্টনে পাকিস্তানের বিপক্ষে ম্যাচ দিয়ে।

সেমিফাইনাল ৩০ জুন এবং ২ জুলাই ওভালে অনুষ্ঠিত হবে, এরপর ৫ জুলাই লর্ডসে ফাইনাল অনুষ্ঠিত হবে।

টি-টোয়েন্টি বিশ্বকাপের জন্য ভারতের সময়সূচী

ভারত বনাম পাকিস্তান - ১৪ জুন - এজবাস্টন

ভারত বনাম বাছাইপর্ব - ১৭ জুন - হেডিংলি

ভারত বনাম দক্ষিণ আফ্রিকা - ২১ জুন - ওল্ড ট্র্যাফোর্ড

ভারত বনাম বাছাইপর্ব - ২৫ জুন - ওল্ড ট্র্যাফোর্ড

ভারত বনাম অস্ট্রেলিয়া - ২৮ জুন - লর্ডস

# প্রকাশিত হল প্রিমিয়ার লিগের সূচি



**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** বুধবার প্রকাশিত হল ২০২৫-২৬ মরসুমের প্রিমিয়ার লিগের সূচি। চলতি মরসুমের প্রিমিয়ার লিগের ঢাকে কাঠে পড়ছে আগামী ১৫ অগাস্ট থেকে। প্রথম ম্যাচে অল রেডসরা মুখোমুখি হবে বার্নামাউথের। এই ম্যাচের একদিন বাদেই সুপার সানডে-র ম্যাচে ওল্ড ট্র্যাফোর্ডে মাঠে নামবে ম্যাঞ্চেস্টার ইউনাইটেড। সেই ম্যাচে তাদের প্রতিপক্ষ হল আর্সেনাল। অপর দিকে পেপ গুয়ার্দিওলার দল ম্যাঞ্চেস্টার সিটি মাঠে নামছে ১৬ তারিখ। সেই ম্যাচে হালান্ডদের প্রতিপক্ষ হল উলভস।

অপর দিকে সুপার সানডে-র দিনই চলতি মরসুমে ইপিএল-এ তাদের অভিযান শুরু করবে চেলসি। সেই ম্যাচে ব্লুজদের প্রতিপক্ষ হল ক্রিস্টাল প্যালেস।

# শুক্রবার ভারত বনাম ইংল্যান্ড টেস্ট গুরুত্বপূর্ণ মাইলফলকের সামনে দাঁড়িয়ে একাধিক ভারতীয় ক্রিকেটার

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** শুক্রবার হেডিংলিতে শুরু হচ্ছে ভারত- ইংল্যান্ডের পাঁচ ম্যাচের টেস্ট সিরিজ। ভারতের বেশ কয়েকজন খেলোয়াড় আছেন যারা কেরিয়ারের গুরুত্বপূর্ণ মাইলফলকের সামনে দাঁড়িয়ে রয়েছেন।

শুভমান গিল ২০০০ টেস্ট রানের হাতছানি শুভমান গিল তার অধিনায়কত্বের যুগ শুরু করছেন ব্যক্তিগত মাইলফলক স্পর্শ করার সুযোগ নিয়ে। এই স্টাইলিশ ডানহাতি ব্যাটসম্যান ২,০০০ টেস্ট রান থেকে মাত্র ১০৭ রান দূরে আছেন। ২০২০ সালে অভিষেকের পর থেকে ১,৮৯৩ রান করা গিলের ফর্ম এবং নেতৃত্ব ইংল্যান্ডের মাটিতে ভারতকে ঘুরে দাঁড়াতে সাহায্য করার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ হবে।



মোহাম্মদ সিরাজের লক্ষ্য ২০০ আন্তর্জাতিক উইকেট মোহাম্মদ সিরাজ এই মুহূর্তে ৯৬টি ফর্ম্যাটে ১৮৫টি উইকেট নিয়ে, সিরাজ ২০০ উইকেটের মাইলফলক থেকে মাত্র ১৫টি উইকেট দূরে। ইংল্যান্ডে ইতিমধ্যেই ২৭টি উইকেট শিকার করার পর, এই সিরিজে এই মাইলফলকটি তার হাতের মুঠোয় বলে মনে হচ্ছে।

যশস্বী জয়সওয়াল দুটি ল্যান্ডমার্কের কাছাকাছি ভারতের নতুন ব্যাটিং সেনসেশন যশস্বী জয়সওয়াল দুটি উল্লেখযোগ্য সাফল্যের পিছনে ছুটছেন। বাঁহাতি এই ব্যাটসম্যানের ২০০০ টেস্ট রান পূর্ণ করতে ২০২ রান এবং ৩,০০০ আন্তর্জাতিক রান পূর্ণ করতে ৪৬৪ রান প্রয়োজন। ইংল্যান্ডের বিরুদ্ধে হোম সিরিজে ৭০০-এরও বেশি রান করার পর, জয়সওয়ালের প্রথম ইংল্যান্ড সফর তাকে টেস্ট অমরত্বের সুযোগ করে দিয়েছে।

৩,০০০ টেস্ট রানের ক্লাবে প্রবেশ করতে চলেছেন ঋষভ পন্থ দীর্ঘ ইনজুরির পর দলে ফিরে ঋষভ পন্থ জাতির আশা এবং সহ-অধিনায়কের অতিরিক্ত দায়িত্ব বহন করছেন ইংল্যান্ড সফরে। ৩,০০০ টেস্ট রান থেকে আর মাত্র ৫২ রান দূরে আছেন এই উইকেটরক্ষক- ব্যাটসম্যান। ইতিমধ্যেই তিনি ইংল্যান্ডে দুটি সেঞ্চুরি করে ফেলেছেন। তার বিস্ফোরক স্ট্রোকপ্লে এবং চাপের মধ্যে শান্ত থাকার মাধ্যমে, পন্থ আবারও ভারতের খেলা পরিবর্তনকারী হতে পারেন।

# বড় পরিসরে ক্লাব বিশ্বকাপ আয়োজনের কোনও যৌক্তিকতা দেখছেন না লা লিগা সভাপতি

**নিজস্ব প্রতিবেদন, মাদ্রিদ:** বড় পরিসরে ক্লাব বিশ্বকাপ আয়োজনের কোনও যৌক্তিকতা দেখছেন না লা লিগা সভাপতি হাভিয়ের তেবাস। তিনি ফুটবল ক্যালেন্ডার থেকে এই টুর্নামেন্টকে বাদ দেওয়ার কথা বলছেন।

লা লিগা সভাপতি ক্লাব বিশ্বকাপ শুরুর আগে থেকেই নতুন আঙ্গিকের ক্লাব বিশ্বকাপের সমালোচনা করে আসছেন। তিনি বলেছিলেন, এই টুর্নামেন্ট 'সম্পূর্ণ অযৌক্তিক।'

সোমবার ক্লাব বিশ্বকাপে লস অ্যাঞ্জেলেস এফসি ও চেলসির ম্যাচ ২৫ মিনিট দেখার পর তার মনে হয়েছে, এটি যেন কোনও প্রীতি ম্যাচ। মাদ্রিদে মঙ্গলবার এক অনুষ্ঠানে ক্লাব বিশ্বকাপ নিয়ে তেবাস এসব কথা বলেছেন।

তেবাস মনে করেন, আমার লক্ষ্য হলো আর কোনও ক্লাব বিশ্বকাপ থাকবে না, এ বিষয়ে আমি খুব পরিষ্কার। এই মডেলটি ঘরোয়া লিগগুলোর পরিবেশকে প্রভাবিত করে, বিশেষ করে ইউরোপে।

# ভারতের ক্রিকেট আইকন সৈয়দ মুস্তাক আলির প্রয়াণ দিবসে শ্রদ্ধাঞ্জলি

**নিজস্ব প্রতিবেদন, কলকাতা:** ভারতের ক্রিকেটের ইতিহাসে সৈয়দ মুস্তাক আলি ছিলেন একজন আইকন । বুধবার ছিল তাঁর প্রয়াণ দিবস। ২০০৫ সালের ১৮ জুন ৯০ বছর বয়সে তিনি মারা যান।

সৈয়দ মুস্তাক আলি বিদেশের টেস্ট সেঞ্চুরি করা প্রথম ভারতীয় ক্রিকেটার হিসেবে ইতিহাস গড়েন। এই কৃতিত্ব তিনি ১৯৩৬ সালে ওল্ড ট্রাফোডে ইংল্যান্ডের বিরুদ্ধে অর্জন করেছিলেন। দ্বিতীয় ইনিংসে তার ১১২ রানের ইনিংস ভারতকে ম্যাচ ড্র করতে সাহায্য করেছিল।

তার আক্রমণাত্মক মনোভাব দর্শকদের কাছে প্রিয় করে তুলেছিল। কিন্তু আন্তর্জাতিক ক্যারিয়ার ১৯৩৪ থেকে ১৯৫২ সালের মধ্যে মাত্র

১১টি টেস্ট ম্যাচের মধ্যে সীমাবদ্ধ ছিল। এই সময়ে তিনি ২টি সেঞ্চুরি ও ৩টি অর্ধ সেঞ্চুরি করে মোট ৬১২ রান করেছিলেন।

বিভিন্ন কারণে আমি হয়তো খুব বেশি টেস্ট খেলিনি কিন্তু যারা খেলাটি ভালোভাবে জানেন বা বোঝেন তাদের মনে আমি ছাপ ফেলতে ব্যর্থ হয়েছি বলে আমার মনে হয় না মুস্তাক আলী ২০০১ সালে এক সাক্ষাৎকারে বলেছিলেন।



সেই সঙ্গে সাক্ষাৎকারে তিনি বলেছিলেন, আমি সর্বকালের সেরা কিছু ক্রিকেটারদের সাথে কাঁধে কাঁধ মিলিয়েছি, সকলেই আমাকে খুব উচ্চ রেটিং দিয়েছে যা সত্যিই আনন্দের ছিল। যদি আমার ভাগ্যে মাত্র ১১টি টেস্ট খেলা থাকত, তাহলে কেউই তা পরিবর্তন করতে পারত না।

ডানহাতি এই ওপেনার তার অসাধারণ প্রথম শ্রেণীর ক্যারিয়ার দিয়ে প্রমাণ করেছিলেন তিনি কত বড় ক্রিকেটার ছিলেন। তিনি ২২৬ টি ম্যাচ খেলেছেন, করেছেন ১৩২১৩ রান এবং ৩০টি সেঞ্চুরি ও ৬৩টি অর্ধশত রান। আর বামহাতি স্পিন বল দিয়ে ১৬২টি উইকেট নিয়েছেন।

অস্ট্রেলিয়ান কিথ মিলার মুস্তাক আলীর উদ্দেশ্যে বলেছিলেন, শুধু ভারতীয় ক্রিকেটে নয়, বিশ্ব ক্রিকেটের একজন আইকন ছিলেন মুস্তাক। তিনি যেখানেই খেলতেন সেখানেই ছিলেন অত্যন্ত জনপ্রিয়।

ভারতীয় ক্রিকেট বোর্ড বিসিসিআই সৈয়দ মুস্তাক আলীকে সম্মান জানাতে তার শীর্ষস্থানীয় ঘরোয়া টি-টোয়েন্টি ক্রিকেট টুর্নামেন্ট গুলির মধ্যে একটি সৈয়দ মোস্তাক আলী ট্রফির নামকরণ করেছে। ১৯৬৪ সালে মুস্তাক আলী পদ্মশ্রীতে ভূষিত হন।

Printed and Published by **Krishnanand Singh** on behalf of **Narsingha Broadcasting Pvt. Ltd.** Printed at **LS.Publication, 4, Canal West Road, Kolkata 700015** and Published at **1, Old Court House Corner, 3rd Floor, Room no. 306(S), Tobacco House, Kolkata- 700001** **RNI No. WBBEN/2006/17404,** Phone: 033-4001 9663 email# dailyekdin1@gmail.com **Editor: Santosh Kumar Singh**

নরসিংহ ব্রডকাস্টিং প্রাইভেট লিমিটেড-এর পক্ষে কৃষ্ণানন্দ সিং কর্তৃক ১, ওল্ড কোর্ট হাউস কর্ণার, ৪র্থ তল, রুম নম্বর ৩০৬ (এস), টোবাকো হাউস, কলকাতা-৭০০০০১ থেকে প্রকাশিত ও এলএস পাবলিকেশনস প্রাইভেট লিমিটেড, ৪ ক্যানাল ওয়েস্ট রোড, কলকাতা-৭০০০১৫ থেকে মুদ্রিত।
**RNI No. WBBEN/2006/17404,** ফোন-০৩৩-৪০০১ ৯৬৬৩, ইমেল dailyekdin1@gmail.com সম্পাদক- সন্তোষ কুমার সিং